The Weekly সফলতার ২৮ বছরে Bangla Patrika

# বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com

বর্ষ ২৮ সংখ্যা ৫০ সোমবার ভাদ্র ২৫ ১৪৩১ / রবিউল আউয়াল ২৭, ১৪৪৬ / Vol. 28 / Issue 50 / September 09, 2024 USA. Free in NY, Other State $1

Aladdin

আলাদিন
২৯-০৬ ৩৬ এভিনিউ
এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Aladdin Tel: 718-784-2554

## আগামী শিক্ষাবর্ষে নিউইয়র্কের পাবলিক স্কুলে নিষিদ্ধ হচ্ছে মোবাইল

**বাংলা পত্রিকা ডেস্ক:** চলতি শিক্ষাবর্ষে নিউইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোতে শিক্ষার্থীরা মোবাইল ফোন ব্যবহার করতে পারলেও

বাকি অংশ ২৭ এর পাতায়

## কমলার হাসিতে মজেছেন রুশ প্রেসিডেন্ট পুতিন

**বাংলা পত্রিকা ডেস্ক:** নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেট দলীয় প্রার্থী কমলা হ্যারিসের হাসিতে মজেছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। বৃহস্পতিবার ভ্লাদিভোস্টে অনুষ্ঠিত ইস্ট ইকোনোমিক ফোরামের সম্মেলনে একথা জানান রুশ প্রেসিডেন্ট পুতিন। নির্বাচনে ডোনাল্ড ট্রাম্প ও কমলা হ্যারিসকে সমর্থনের বিষয়ে প্রশ্ন করা হয় পুতিনকে। এসময় রুশ প্রেসিডেন্ট জানান, তিনি সমর্থন করবেন কমলাকে। কারণ হিসেবে তিনি বলেন, ডেমোক্রেট প্রার্থীর হাসির ভক্ত তিনি। হ্যারিসের হাসিকে প্রাণোচ্ছল বলেও মন্তব্য করেন পুতিন। তার এ *(বাকি অংশ ১২ এর পাতায়)*

# ড. ইউনূসের কাছে প্রবাসীদের দাবী ও প্রত্যাশা



নাগরিক সংবর্ধনা দিতে চায় বাংলাদেশ সোসাইটি



*নিউইয়র্ক আসছেন ২২ সেপ্টেম্বর*
*সফর সঙ্গী ৭ জন*
*জাতিসংঘে ভাষণ দিবেন ২৭ সেপ্টেম্বর*

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া।

**বাংলা পত্রিকা রিপোর্ট:** জাতিসংঘের ৭৯তম সাধারণ অধিবেশনে যোগ দিতে বাংলাদেশের অন্তবর্তীকালীন সরকারের প্রধান প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস আগামী ২২ সেপ্টেম্বর রোববার নিউইয়র্ক আসছেন। তিনি নিউইয়র্ক এসে পৌছার পর ২৫ সেপ্টেম্বর বুধবার জাতিসংঘে বাংলাদেশের ৫০ বছর উপলক্ষ্যে আয়োজিত বিশেষ অনুষ্ঠানে যোগ দেবেন। তাঁর সম্মানে আয়োজিত গণ সংম্বর্ধনা সভায় যোগ দেবেন ২৬ সেপ্টেম্বর বৃহস্পতিবার এবং জাতিসংঘের অধিবেশে ভাষণ দেবেন ২৭ সেপ্টেম্বর শুক্রবার। মাঝে বিশ্ব নেতৃবৃন্দের সম্মানে প্রেসিডেন্ট জো বাইডেন আয়োজিত নৈশ ভোজ সভায় যোগ দেবেন বাংলাদেশের সরকার প্রধান প্রফেসর ইউনূস। ঢাকা থেকে প্রাপ্ত কূটনৈতিক *(বাকি অংশ ২৯ এর পাতায়)*

*বাংলাদেশ সোসাইটির নির্বাচন*

## দুই প্যানেলের ৩৭ জনের মনোনয়ন জমা

*বিনা প্রতিদ্বন্দিতায় প্রচার সম্পাদক নির্বাচিত*

**বাংলা পত্রিকা রিপোর্ট:** প্রবাসী বাংলাদেশীদের সবচেয়ে বড় সংগঠন বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনে দুটি প্যানেলের ৩৭জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এর মধ্যে আতাউর রহমান সেলিম ও মোহাম্মদ আলী নেতৃত্বাধীন ‘সেলিম-আলী’ *(বাকি অংশ ২ এর পাতায়)*

## বাংলাদেশী ব্যবসায়ীর বিরুদ্ধে মিলিয়ন ডলার ‘আত্মসাতের’ অভিযোগ

*পে-চেক প্রেটেকশন প্রোগ্রামে ঋণ জালিয়াতি : অভিযোগ অস্বীকার নূরুস সাফা’র*



অভিযুক্ত নূরুস সাফা ও মাইদা সাফা

**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্কে জালিয়াতির মাধ্যমে প্রায় এক মিলিয়ন ডলার ঋণ নিয়ে সে অর্থ আত্মসাত করে ব্যক্তিগত খাতে ব্যায়ের অভিযোগ ওঠেছে প্রবাসী বাংলাদেশী ব্যবসায়ী পিতা-পুত্রের বিরুদ্ধে। অভিযুক্তরা হলেন নিউইয়র্কের ব্রুকলীনে বসবাসরত বাংলাদেশী -আমেরিকান নূরুস সাফা ও তার ছেলে মাইদা সাফা। তাদের একটি নির্মাণ ঠিকাদারী ব্যবসা প্রতিষ্ঠান রয়েছে। নিউইয়র্কের ব্রুকলীনের ডিস্ট্রিক্ট আদালতে একটি মামলায় তাদের অভিযুক্ত করা হয়েছে। সরকারি পে-চেক প্রেটেকশন প্রোগ্রামের (পিপিপি) আওতায় মিথ্যা তথ্য দিয়ে অভিযুক্ত নূরুস সাফা নিজেদের ঠিকাদারী ব্যবসা প্রতিষ্ঠানের কর্মীদের বেতন ভাতা ও নির্দিষ্ট খাতে ব্যয় করার জন্য এ ঋণ নেন। পরে সে অর্থ দিয়ে নিজেদের জন্য বাড়ি ও বিলাসবহুল বিএমডবিডব্লিউ গাড়ি ক্রয়ের অভিযোগ ওঠে।

অপরদিকে উল্লেখিত অভিয়োগ অস্বীকার করে ব্যবসায়ী নূরুস সাফা বলেছেন, আমি পুরনো *(বাকি অংশ ২২ এর পাতায়)*

## বেগমপাড়ায় ‘জড়ো হচ্ছেন’ টাকা লুটকারী সাহেবরা



**বাংলা পত্রিকা ডেস্ক:** ঘুষ, দুর্নীতিসহ নানা অবৈধ উপায়ে দেশের সাধারণ মানুষের টাকা লুটে নিয়ে একদল বিলাসী জীবন যাপন করছে কানাডার বেগমপাড়ায়, কেউ বা দুবাই মালয়েশিয়ায়-সিঙ্গাপুরে। দুর্নীতিবাজ রাজনীতিবিদ, সুবিধাবাদী আমলা, ক্ষমতার শীর্ষ মহলের ঘনিষ্ঠ ব্যবসায়ীরা হাজার হাজার কোটি টাকা লোপাট করে এখন লাপাত্তা। একসময় ওই সব ‘সাহেব’ দেশে টাকা লুট করতেন, আর তা নিজেদের বউ-বাচ্চাদের ‘বেগমপাড়া’ কিংবা ‘সেকেন্ড হোমে’ বিলাসী জীবনযাপনের জন্য পাঠাতেন। এখন ওই ‘সাহেব’দেরও অনেকে ‘বেগম’দের সঙ্গে যোগ দিয়েছেন।

অন্তর্বর্তী সরকার ক্ষমতায় আসার পর রীতিমতো কানাডার ‘বেগমপাড়া’ কিংবা সেকেন্ড হোমে দেশ থেকে পালিয়ে যাওয়া রাজনীতিবিদ, আমলা আর ব্যবসায়ীর ভিড় বেড়েছে বলে জানা গেছে। বিভিন্ন সূত্র থেকে খোঁজ নিয়ে আরো জানা যায়, মামলা, জেল-জরিমানা আর শাস্তির ভয়ে তাঁরা বিভিন্ন উপায়ে ওই সব উন্নত দেশে পাড়ি জমাচ্ছেন। তবে সরকার এঁদের পাচার করা টাকা ফিরিয়ে আনতে কঠোর অবস্থান নিয়েছে। প্রধান উপদেষ্টা ও অর্থ উপদেষ্টা এরই *(বাকি অংশ ১১ এর পাতায়)*

## বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবর্তনের প্রস্তাবের প্রতিবাদে সমাবেশ

**বাংলা পত্রিকা রিপোর্ট:** বাংলাদেশের জাতীয় সঙ্গীত ‘আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি’ পরিবর্তনের কথিত প্রস্তাবের প্রতিবাদে নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশীরা বিক্ষোভ-সমাবেশ করেছে। একুশে পদকপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ড. নূরুন নবী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব বীর *(বাকি অংশ ৩ এর পাতায়)*

## গণভবন-সংসদ ভবনের লুট হওয়া অস্ত্রের ভল্টগুলো উদ্ধার হয়নি, নিরাপত্তা ঝুঁকির শঙ্কা

**বাংলা পত্রিকা ডেস্ক:** গণভবন আর সংসদ ভবনের ভল্টে থাকা অত্যাধুনিক অস্ত্র ও অপারেশনাল সরঞ্জামাদিসহ ভল্টগুলো লুট হওয়ার পর মাস পেরিয়ে গেলেও এখনো সেগুলো উদ্ধার হয়নি। এতে করে নিরাপত্তা সংকটের শঙ্কা বাড়ছে। গত ৫ আগস্ট শেখ হাসিনা দেশ ছেড়ে পালিয়ে যাওয়ার পর গণভবন ও সংসদ ভবনে সাধারণ জনতা ঢুকে পড়ে। এ সময় গণভবন ও সংসদ ভবনে ভাঙচুর এবং লুটের ঘটনা ঘটে। গণভবনে ও সংসদ ভবনে থাকা অস্ত্র ও অপারেশনাল সরঞ্জামাদি মজুদ রাখা অত্যাধুনিক ভল্টগুলোও লুট করে নিয়ে যায় দূবৃত্তরা।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় বিভিন্ন থানা থেকে লুট হওয়া আগ্নেয়াস্ত্র ও গুলি এবং ভল্টগুলো উদ্ধারে বুধবার থেকে অস্ত্র উদ্ধারে দেশব্যাপী যৌথ অভিযান পরিচালনা করছে সরকার। এতে থানা থেকে খোয়া যাওয়া বেশ কিছু অস্ত্র গুলি উদ্ধার হলেও গণভবনে ও সংসদ ভবনে থাকা অস্ত্র ও অপারেশনাল সরঞ্জামাদি মজুদ রাখা অত্যাধুনিক ভল্টগুলো উদ্ধার করা যায়নি।

জানা গেছে, ৫ আগস্ট শেখ হাসিনা দেশ ত্যাগের *(বাকি অংশ ৬ এর পাতায়)*

## ব্রঙ্কসে প্রবাসী বাংলাদেশী নিখোঁজ



**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্কের ব্রঙ্কস থেকে আশিষ কুমার বিশ্বাস নামে ৬৬ বছর বয়সী এক বাংলাদেশী নিখোঁজ রয়েছেন। গত ২ সেপ্টেম্বর ব্রঙ্কস ক্যাসল হিলস ট্রেন স্টেশন সাবওয়ে থেকে নিজের নতুন ভাড়া নেওয়া বাসায় ফেরার পথে নিখোঁজ হোন তিনি।

আশিষ কুমার বিশ্বাসের ভাই গোবিন্দ বিশ্বাস জানান, ১৪ মাস আগে আশিষ কুমার বিশ্বাস বাংলাদেশ থেকে নিউইয়কে *(বাকি অংশ ১২ এর পাতায়)*

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO. B03152
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

# আনন্দ-উৎসবে স্কুলে ফিরলো শিক্ষার্থীরা




*(শেষ পাতার পর)* স্কুলে আসতে কিছুটা বিড়ম্বনায় পড়তে হয়।
এদিকে স্কুলের প্রথম দিন হওয়ায় ছিলো না কোন ক্লাসের চাপ। শিক্ষক-শিক্ষিকারা নতুন ক্লাশের প্রস্তুতি আর শিক্ষার্থীরা অনেকে খেলাধুলা করে কাটিয়েছেন দিনটি। আবার অনেকে পুরানো বন্ধুদের পাশাপাশি নতুন বন্ধুদের সাথে সময় কাটিয়েছে। অপরদিকে স্কুল ছুটি শেষে অভিভাবক আর শিক্ষার্থীদের মুখে ছিল আনন্দের ঢেউ। নতুন বছরের নতুন কারিকুলামের মধ্য দিয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ হয়ে উঠুক সকল সকল ছাত্র-ছাত্রীদের জন্য সুখময় এমনটাই প্রত্যাশা অবিভাবকদের।

# দুই প্যানেলের ৩৭ জনের মনোনয়ন জমা

*(প্রথম পাতার পর)* প্যানেলের পক্ষ থেকে ১৯টি এবং রুহুল আমিন সিদ্দিকী ও জাহেদ মিন্টুর নেতৃত্বাধীন রুহুল-জাহিদ প্যানেল থেকে ১৮টি পদে মনোনয়ন পত্র জমা পড়েছে। গত ২ সেপ্টেম্বর সোমবার বিকাল পাঁচটা থেকে রাত নয়টা পর্যন্ত বাংলাদেশ সোসাইটির কার্যালয়ে মনোনয়ন জমা অনুষ্ঠানে প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেন। দুটি প্যানেলের প্রার্থীরা মনোনয়ন জমা দেওয়ার সময়ে প্রধান নির্বাচন কমিশনার অ্যাডভোকেট জামাল আহমেদ জনি ও অন্যান্য নির্বাচন কমিশনাররা উপস্থিত ছিলেন। এসময় উৎসবমুখর পরিবেশ বিরাজ করে। সোসাইটির নির্বাচন কমিশনরা এই সময়ে উপস্থিত থেকে মনোনয়নপত্র গ্রহণ করেন বলে নিউইয়র্ক ভিত্তিক বার্তা সংস্থা ইউএনএ জানায়।
প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমেদ জনি বলেন, আমরা মনোনয়নপত্র জমা নিয়ে এগুলো যাচাই-বাছাই করার পর ৪ সেপ্টেম্বর বুধবার প্রাথমিক তালিকা প্রকাশ করেছি। প্রাথমিক তালিকা প্রকাশ করার পর মনোনয়নপত্র বিষয়ে আপিল করার সময় ছিলো ৫ সেপ্টেম্বর বৃহস্পতিবার পর্যন্ত। আর প্রত্যাহারের সময় ছিলো ৭ সেপ্টেম্বর শনিবার। চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হয় ৮ সেপ্টেম্বর রোববার। নির্বাচন অনুষ্ঠিত হবে ২৭ অক্টোবর রোববার।
মনোনয়নপত্র জমাদানকারী ‘সেলিম-আলী’ প্যানেলে প্রার্থীরা হলেন: সভাপতি- আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি- কামরুজ্জামান কামরুল, সাধারণ সম্পাদক- মোহাম্মদ আলী, সহকারী সাধারণ সম্পাদক- আবুল কালাম ভূঁইয়া, কোষাধ্যক্ষ- রফিকুল ইসলাম খান, সাংগঠনিক সম্পাদক- ডিউক খান, প্রচার ও প্রকাশনা সম্পাদক- রিজু মেহাম্মদ (বিনা প্রতিদ্বন্ধিতায় নির্বাচিত), সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, সমাজকল্যাণ সম্পাদক- জামিল আনসারী, সাহিত্য সম্পাদক- আখতার বাবুল, ক্রীড়া ও অ্যাপায়ন সম্পাদক- আশ্রাব আলী লিটন, স্কুল ও শিক্ষাবিষয়ক সম্পাদক- হাসান জিলানী। এছাড়া কার্যকরী সদস্য পদের প্রার্থীরা হলে- এ বি সিদ্দিকী, হারুনুর রশিদ, আবুল কাশেম চৌধুরী, জাহাঙ্গীর সোহরাওয়ার্দী, মনসুর আহমেদ ও হাসান খান।
অপরদিকে ‘রুহুল-জাহিদ’ প্যানেল ১৯টি পদের মধ্যে মোট ১৮জন মনোনয়ন পত্র জমা দেন। বর্তমান প্রচার ও প্রকাশনা সম্পাদক রিজু মোহাম্মদ আসন্ন নির্বাচনে ‘সেলিম-আলী’ প্যানেলের থেকে নির্বাচনে অংশ নিতে মনোনয়নপত্র জমা দেন। রুহুল-জাহিদ প্যানেল থেকে এই পদে কোনো প্রার্থী জমা না দেওয়ার কারণে রিজু মোহাম্মদ বিনা প্রতিদ্বন্ধিতায় নির্বাচিত হয়েছেন। তবে নির্বাচন কমিশন এ ব্যাপারে কোনো আনুষ্ঠানিক ঘোষণা দেয়নি।
এই প্যানেলের প্রার্থীরা হলেন: সভাপতি- রুহুল আমিন সিদ্দকী, সিনিয়র সহ সভাপতি- ফারুক চৌধুরী, সহ সভাপতি- আমিনুল ইসলাম চৌধুরী, সাধারণ সম্পাদক- জাহিদ মিন্টু, সহকারী সাধারণ সম্পাদক- সারওয়ার খান বাবু, কোষাধ্যক্ষ- নওশেদ হোসেন, সাংগঠনিক সম্পাদক- সাদী মিন্টু, সাংস্কৃতিক সম্পাদক- মনিকা রায় চৌধুরী, সমাজকল্যাণ সম্পাদক- নাদের এ আইয়ুব, সাহিত্য সম্পাদক- রুমানা আহমেদ, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- আলমগীর হোসেন, স্কুল ও শিক্ষাবিষয়ক সম্পাদক- শাহনাজ হোসেন, কার্যকরী সদস্য পদের প্রার্থীরা হলেন- আব্দুর রব মিয়া, মোহাম্মদ তাজুল মিয়া, রফিকুল ইসলাম ডালিম, সাইফুল ইসলাম শিমুল ও নজরুল ইসলাম প্রমুখ।
উল্লেখ্য, এবার সোসাইটির ভোটার সংখ্যা মোট ১৮ হাজার ৬১৩ জন। এদের মধ্যে সাধারণ ভোটার ১৭ হাজার ৭৫৯ এবং আজীবন সদস্য ৮৫৪ জন। এবারের নির্বাচনের জন্য ৫টি ভোট কেন্দ্র করার প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সম্ভাব্য কেন্দ্রগুলোর নাম ও স্থান নির্বাচন কমিশন পরে জানিয়ে দিবে।



# দেলোয়ার হোসেন সাঈদীর স্মৃতি স্মরণে দোয়া-মিলাদ মাহফিল



**নিউইয়র্ক:** আল্লামা দেলোয়ার হোসেন সাঈদীর স্মৃতি স্মরণে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। নিউইয়র্কের ব্রঙ্কসের গোল্ডেন প্যালেস পার্টি হলে ‘ইউনাইটেড ফর পিস ইন বাংলাদেশ’ এর ব্যানারে সোমবার সন্ধ্যায় এই মাহফিল অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ও দোয়া পরিচালনা করেন ইমাম আশরাফুজ্জামান খান। এতে মাওলানা দেলোয়ার হোসেন সাঈদীর নাতি হাফিজ মাহাদী হোসাইন সাঈদী তার দাদার মৃত্যুকে অস্বাভাবিক এবং হত্যা করা হয়েছে বলে মন্তব্য করে ড. ইউনূস নেতৃত্ত্বাধীন অন্তবর্তী সরকারের কাছে এই হত্যার দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। এছাড়াও অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন ডা. জুননুন চৌধুরী, ফারুক ওয়াদুদ, মোল্লাহ মুনজুরুল ইসলাম, ইমাম মাওলানা আব্দুর রহমান, কমান্ডর সিদ্দিকুর রহমান, মাওলানা আনছার উদ্দিন, ড. ফকরুদ্দিন ইসলাম, মোহাম্মদ ছালাউদ্দন, মোহম্মদ জামিল ইসলাম, খান মোহামদ সাইফুল্লাহ, আব্দুর রব হাওলাদার, জহির উল হক ও আফজল হোসেন বাবুল। অনুষ্ঠান পরিচালনা করেন কাওছার আহমেদ মারুফ। সভা থেকে আল্লামা দেলোয়ার হোসেন সাঈদীর বিরুদ্ধে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের দায়ের করা মামলাগুলো এবং তার মৃত্যুর বিষয়টি পুন: তদন্ত দাবী করা হয়।

# কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার এসোসিয়েশনের নির্বাচন ১৩ অক্টোবর

**নিউইয়র্ক:** প্রবাসের অন্যতম সামাজিক সংগঠন কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার এসোসিয়েশন ইউএসএ’র নির্বাচন আগামী ১৩ অক্টোবর রোববার। ত্রি বার্ষিক অর্থাৎ ২০২৫-২০২৭ সালের এই নির্বাচনের তফসীল ঘোসণা করেছে নির্বাচন কমিশন। সোমবার সন্ধ্যায় ব্রুকলীনের পাঞ্জাব রেষ্টুরেন্টে অনুষ্ঠিত এসোসিয়েশনের সাধারণ সভায় নির্বাচন কমিশন ঘোষণা করা হয়। সভায় সভাপতিত্ব করেন সভাপতি মওলানা আব্দুল আলীম জিয়াদী এবং সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক মোশারফ হোসেন সবুজ। সভায় বিশেষ দোয়া পরিচালনা মওলানা ইব্রাহীম এবং বার্ষিক রিপোর্ট পেশ করেন কোষাধ্যক্ষ কামরুল ইসলাম। সভায় অডিট প্রধান মাস্টার শাহ আলম ছাড়াও অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সেলিম জাহিদ, আবু সুফিয়ান, লতিফুর রহমান লিটন, আবু নাসের চৌধুরী, হাজী মফিজুর রহমান, হাজী মোতাহের হোসেন সহ আরো *(বাকি অংশ ২২ এর পাতার পর)*

# বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবর্তনের প্রস্তাবের প্রতিবাদে সমাবেশ





**বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবর্তনের কথিত প্রস্তাবের প্রতিবাদে নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশীরা বিক্ষোভ-সমাবেশ করেছে। রোববার বিকেলে জ্যাকসন হাইটসের ডাইভাসিটি প্লাজায় এই সমাবেশ অনুষ্ঠিত হয়।**

*(প্রথম পাতার পর)* মুক্তিযোদ্ধা তাজুল ইমামের আহ্বানে রোববার বিকেলে জ্যাকসন হাইটসের ডাইভাসিটি প্লাজায় এই সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে প্রবাসের সাংস্কৃতিক ব্যক্তি ও কর্মী সহ যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতা-কর্মী ও সমর্থকরা অংশ নেন। তারা শ্লোগান, গান আর কবিতা পাঠের মাধ্যমে প্রতিবাদ জানান। সমাবেশ থেকে মহান মুক্তিযুদ্ধ, ৭২ এর সংবিধান, জাতীয় পতাকা, জাতীয় সঙ্গীত, জাতীর পিতা বঙ্গবন্ধু প্রভৃতি বিষয়ে কোনো আপোস মেনে নেয়া হবে না বলে হুশিয়ারী উচ্চারণ করা হয়। সমাবেশে তাজুল ইমামের নেতৃত্বে প্রবাসের শিল্পীরা দেশের গান পরিবেশন করেন। এছাড়াও শপথ বাক্য পাঠ করেন মিথুন আহমেদ।



সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

### তিস্তার পানিবণ্টন

# অধিকার আদায়ে দৃঢ় হতে হবে

বাংলাদেশ ও ভারতের অভিন্ন নদীগুলোর মধ্যে তিস্তা অন্যতম। এ নদীর ওপর নির্ভরশীল উত্তরাঞ্চলের লাখ লাখ মানুষ। উজানে পানি প্রত্যাহারের কারণে শুষ্ক মৌসুমে তিস্তা পরিণত হয় ধুধু বালুচরে। আর বর্ষা মৌসুমে পানি ধারণক্ষমতা না থাকায় বন্যার কবলে পড়ে বাংলাদেশের মানুষ। অভিন্ন নদীতে উজানের মতো ভাটির দেশের মানুষের অধিকার আন্তর্জাতিক আইন দ্বারা স্বীকৃত।

*"২০১১ সালে ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী মনমোহন সিং বাংলাদেশ সফরকালে তিস্তার পানির সমবণ্টনে দুই দেশ চুক্তিবদ্ধ হবে এমন প্রস্তুতিও নেওয়া হয়। কিন্তু পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির আপত্তির অজুহাতে সফরকালে চুক্তির সিদ্ধান্ত থেকে সরে আসে ভারত। নতজানু পররাষ্ট্রনীতির কারণে পরবর্তী ১৩ বছরে এ বিষয়ে শুধু প্রতিশ্রুতির ফুলঝুরিই রয়েছে, সমাধানের পথে হাঁটেনি ভারত।"*

কিন্তু বাংলাদেশের বৃহৎ প্রতিবেশী দেশটি এ ব্যাপারে ন্যায়নিষ্ঠ হওয়ার ক্ষেত্রে বরাবরই কার্পণ্য দেখিয়েছে। বিগত সরকারের প্রথম দিকে ২০১১ সালে ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী মনমোহন সিং বাংলাদেশ সফরকালে তিস্তার পানির সমবণ্টনে দুই দেশ চুক্তিবদ্ধ হবে এমন প্রস্তুতিও নেওয়া হয়। কিন্তু পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির আপত্তির অজুহাতে সফরকালে চুক্তির সিদ্ধান্ত থেকে সরে আসে ভারত। নতজানু পররাষ্ট্রনীতির কারণে পরবর্তী ১৩ বছরে এ বিষয়ে শুধু প্রতিশ্রুতির ফুলঝুরিই রয়েছে, সমাধানের পথে হাঁটেনি ভারত। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ফসল অন্তর্বর্তী সরকার ক্ষমতায় আসার পর শুরু থেকেই অভিন্ন নদীর পানিবণ্টন সমস্যার সম্মানজনক সমাধানের জন্য সরব হয়েছে। সর্বশেষ বার্তা সংস্থা পিটিআইয়ের সঙ্গে সাক্ষাৎকারে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা শান্তিতে নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস দীর্ঘদিন যাবৎ অমীমাংসিত তিস্তা নদীর পানিবণ্টন চুক্তির বিষয়ে ভারতের সঙ্গে আলোচনার আগ্রহ প্রকাশ করেছেন। বলেছেন, বিষয়টি দীর্ঘদিন ঝুলে থাকায় কোনো দেশেরই লাভ হচ্ছে না। তিনি দৃঢ়তার সঙ্গে বলেছেন, আলাপ-আলোচনা করেই এ সমস্যার সমাধান করতে হবে।

বাংলাদেশের মতো ভাটির দেশগুলোর নির্দিষ্ট অধিকার সমুন্নত রাখতে চাওয়ার অধিকার থাকার বিষয়টি পুনর্ব্যক্ত করে প্রধান উপদেষ্টা বলেছেন, আমরা আমাদের অধিকার চাই। তিস্তা নদী বাংলাদেশের লাখ লাখ মানুষের জীবন-জীবিকার অনুষঙ্গ। এ নদীর পানিতে দেশের ন্যায্য অধিকার প্রতিষ্ঠায় সরকারের দৃঢ় সংকল্পবদ্ধ উদ্যোগই দেখতে চান দেশবাসী। একই সঙ্গে গঙ্গাসহ অভিন্ন সব নদীর পানিবণ্টনেও উদ্যোগী হতে হবে।

আমরা চাইবো বাংলাদেশের স্বাধীনতার যুদ্ধে প্রতিবেশী রাষ্ট্র হিসেবে ভারত যেভাবে বাংলাদেশ আর দেশের মানুষের পাশে এসে দাঁড়িয়েছিলো, তেমনীভাবে স্বাধীন দুটি দেশের মধ্যকার সৌহার্দ্য-সম্প্রতি আর সার্বভৌমত্ব অক্ষুন্ন রেখে ভারত বাংলাদেশের পাশে থাকবে। পানি আর সীমান্ত সমস্যা সহ সকল সমস্যার সমধানে ভারত অগ্রনী ভূমিকা রাখবে।

# গণমাধ্যম ও সাংবাদিকদের রঙ বদল!




'লজ্জা-ঘৃণা-ভয়/তিন থাকতে নয়' প্রবাদের প্রতিফলন ঘটেছে দেশের গণমাধ্যম এবং সাংবাদিকতায়। এখন প্রবাদটি হয়েছে 'লজ্জা-ঘৃণা-ভয়/গণমাধ্যম সাংবাদিকতায় এই তিন থাকতে নয়'। রাজনৈতিক পালাবদলে এখন দেশের গণমাধ্যম ও সাংবাদিকদের বিশাল অংশ গিরগিটির মতো রঙ বদলাতে শুরু করেছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শেষ দিন (৫ আগস্ট শেখ হাসিনার পলায়ন) পর্যন্ত যে গণমাধ্যমগুলো হাসিনা রেজিমের পক্ষে ছিল; ছাত্র-জনতার আন্দোলনে উষ্মা প্রকাশ করে আইনশৃঙ্খলা বাহিনীকে কঠোর হওয়ার পরামর্শ দিয়েছে, পুলিশ বাহিনীকে 'দানবে পরিণত' করতে শেখ হাসিনাকে উদ্বুদ্ধ করেছে; এমনকি হাসিনার পতনের পর ভারতীয় গণমাধ্যমের সঙ্গে সুর মিলিয়ে সংখ্যালঘু নির্যাতন, জুডিশিয়াল ক্যু, ১৫ আগস্ট ১০ লাখ লোকের ঢাকায় অবস্থান এমনকি আনসারের সচিবালয় ঘেরাও নিয়ে 'পজেটিভ খবর' প্রচার করেছে; তারা এখন রঙ পাল্টাতে শুরু করেছে। ২০২৩ সালের সেপ্টেম্বরে 'ড. মুহাম্মদ ইউনূসের ওপর নির্যাতন না করার' আহবান জানিয়ে শতাধিক নোবেল বিজয়ী বিশ্বের বরেণ্য ব্যক্তি খোলা চিঠি দিয়েছিল শেখ হাসিনার কাছে; ওই খোলা চিঠিকে 'বাংলাদেশের অভ্যন্তরীণ হস্তক্ষেপ' দাবি করে কয়েকশ' ছাত্র-জনতাকে হত্যা করা হয়। পুলিশ-বিজিবির গুলিতে হাজারো ছাত্র-জনতার কেউ চোখ হারিয়েছে, কেউ পঙ্গু হয়েছেন। রাজপথ ছাত্র-জনতার রক্তে রঞ্জিত হচ্ছে এবং প্রতিদিন মৃত্যের তালিকা বাড়ছে অথচ কিছু গণমাধ্যম নামের প্রচারমাধ্যম টকশোতে এবং সাংবাদিকতার নামে শেখ হাসিনাকে উস্কে দিয়ে পুলিশ বাহিনীকে দানবের মতো গুলি করে মানুষ হত্যার মন্ত্রণা দেয়। টিভির টকশোতে আন্দোলন ঠেকাতে সরকারকে আরো কঠোর হওয়ার পরামর্শ দেয়া হয়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাদের সঙ্গে সম্পাদকদের সংলাপে ছাত্রনেতারা প্রিন্ট মিডিয়ার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করলেও টিভি মিডিয়াগুলো আন্দোলনে সমর্থন দেয়নি বলে জানিয়েছেন। ওই মতমিনিময়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া তার বক্তব্যে প্রিন্ট মিডিয়ার প্রশংসা করেন। তিনি বলেন, 'জুলাইয়ের কঠিন সময়ে যখন টেলিভিশন চ্যানেলগুলোতে সঠিক খবর পাওয়া যাচ্ছিল না, তখন প্রিন্ট মিডিয়াই ছিল নির্ভরতার জায়গা। অনেক দূর হেঁটে পর্যন্ত প্রিন্ট পত্রিকা সংগ্রহ করেছি।' অথচ হাসিনার তাঁবেদার ওই গণমাধ্যমগুলো এখন অন্তর্বর্তী সরকারের লোক হিসেবে জাহির করছেন। গণমাধ্যম ও সাংবাদিকদের ওপর যেন খারাপ আইনমন্ত্রী আনিসুল হক দাবি করেছেন তিনি সংকটের সুরাহা করার এবং শেখ হাসিনাকে গণহত্যা না করার পরামর্শ দিয়েছিলেন। একই ধরনের কথা বলেছেন সালমান এফ রহমান। তাদের বক্তব্যে ফুটে উঠেছে ফ্যাসিস্ট হাসিনা নিজের কিছু পছন্দের ব্যক্তি এবং গণমাধ্যমের কিছু দলদাসকে নিজের লোক হিসেবে মনে করতেন এবং তাদের উস্কানিমূলক কথাবার্তাকে বেশি গুরুত্ব দিতেন। ফলে গণমাধ্যমে দলদাস সাংবাদিকরা কী জুলাই-আগস্টের গণহত্যার দায় এড়াতে পারেন? সালমান এফ রহমান, আনিসুল হক, টিপু মুনশিরা তো বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নিজেরা গুলি চালাননি। গুলি চালানোর জন্য পুলিশকে নির্দেশনাও দেননি। এমনকি লুটেরা এস আলম গ্রুপের সাইফুল আলম, ওরিয়নের ওবায়দুল করিম, সামিটের আজিজ গংরা পুলিশকে আন্দোলনরত ছাত্র-জনতার ওপর গুলি চালানোর নির্দেশনা দেয়নি। তারা রাষ্ট্রের সম্পদ ব্যাংক লুট করেছেন, রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় বিদেশে টাকা পাচার করেছেন। তারা যে অপরাধ করেছেন সে বিচার হবে আইনি প্রক্রিয়ায়। কিন্তু কিছু টিভি মিডিয়ায় বিশেষ করে আওয়ামী লীগ রেজিমে যারা লাইসেন্স পেয়ে কর্পোরেট হাউজে গণমাধ্যম প্রতিষ্ঠা করেছেন তারা টকশো ও

যে ৫০ জন সম্পাদক প্রতিবাদী বিবৃতি দিয়েছিলেন এবং তা গণমাধ্যমে ফলাও করে প্রচার করা হয়; সেই সম্পাদকরাও এখন গিরগিটির মতো রঙ বদল করে অন্তর্বর্তী সরকারের নীতিনির্ধারকদের কাছে 'আমরা তোমাদের লোক' প্রমাণে মরিয়া হয়ে উঠেছেন।

শেখ হাসিনা ভারতে পালিয়ে যাওয়ার পর বিশ্ববরেণ্য ব্যক্তিত্ব নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠন করা হয়েছে। এখন দেখা যাচ্ছে যারা শেখ হাসিনাকে গত জুলাই-আগস্টে গণহত্যায় ইন্ধন দিয়েছে, দীর্ঘ ১৫ বছর 'নির্বাচন নির্বাচন খেলা'র পক্ষে প্রচারণা চালিয়ে হাসিনাকে সহায়তা করেছে, কোটাবিরোধী আন্দোলনের কঠোর সমালোচনা করে টিভির টকশো এবং গণমাধ্যমে সম্পাদকীয়, প্রবন্ধ, নিবন্ধ লিখেছেন, পতিত হাসিনার সুরে সুর মিলিয়ে ড. ইউনূসের মতো বরেণ্য ব্যক্তিত্বকে 'সুদখোর' তকমা দিয়েছেন, ড. ইউনূসের বিরুদ্ধে বিবৃতি দিয়েছেন; তারা এখন নতুন সরকারের সবকিছুতেই সামনের কাতারে। প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠক, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাদের সঙ্গে মতবিনিময় সবকিছুতেই তারা সামনের কাতারে থেকে বক্তৃতা-বিবৃতি দিচ্ছেন, নীতি কথা শুনিয়ে ছবক দিচ্ছেন। এমনকি সরকারি বিজ্ঞাপন কব্জা করতে ডিএফপির মিডিয়া তালিকায় সামনে থাকার কায়দা-কসরত করছেন। 'গায়ে মানে না আপনে মোড়ল' প্রবাদের মতোই বক্তব্য-বিবৃতি এবং প্রবন্ধ-নিবন্ধ লিখে অন্তর্বর্তী সরকারকে উপদেশ দিচ্ছেন। প্রশ্ন হচ্ছে গণমাধ্যমের এই গিরগিটিদের ছাত্র-জনতার অভ্যুত্থানে কি কোনো ভূমিকা আছে? এক কথায় উত্তর নেই। এরা শেখ হাসিনা ও ভারতকে খুশি করতেই মহাব্যস্ত ছিল এবং সব সময় নিজের বুদ্ধিবিবেককে সে কাজে লাগিয়েছেন। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন দীর্ঘদিন ধরে কোটা আন্দোলন করে। জুলাই মাসের মাঝামাঝি সময় ছাত্র আন্দোলনে জনতা অংশ নেয়ার পর শেখ হাসিনা বর্তমান প্রেসিডেন্টকে ব্যবহার করে সেনাবাহিনী নামিয়ে জরুরি অবস্থা জারি করে। এ সময় আন্দোলন ঠেকাতে নির্বিচারে ছাত্র-জনতাকে হত্যা করা হয়। প্রকাশ্যে ছাত্র-জনতাকে গুলি করে হত্যা, হেলিকপ্টার থেকে গুলি, স্নাইপার দিয়ে গুলি, ব্রাশ ফায়ার কিছু না করা হয় সে দাবি জানাচ্ছেন। একাত্তর টিভির ফারজানা রুপা ও শাকিল আহমেদ নামের দু'জন সাংবাদিক হত্যা মামলায় গ্রেফতার হওয়ায় উদ্বেগ প্রকাশ করে বিবৃতি দিয়েছেন। নাসির হাসান রিয়াদ নামের এক ছাত্র হত্যার বিচার চেয়ে তার পিতার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে ২৯ আগস্ট দায়ের করা মামলায় অর্ধশত আসামির মধ্যে ২৯ জন সাংবাদিকের নাম রয়েছে। এ নিয়ে গণমাধ্যম-সাংবাদিক-সম্পাদক-সুশীল-বুদ্ধিজীবীদের উদ্বেগের শেষ নেই। অথচ ২০১৮ সালের ২৩ জুলাই কুষ্টিয়ার আদালত প্রাঙ্গণে দৈনিক আমার দেশ পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক মাহমুদুর রহমানকে রক্তাক্ত করার পরও সাংবাদিক সমাজের প্রতিনিধি হিসেবে এরা উদ্বেগ প্রকাশ করেননি। ছাত্রলীগ-যুবলীগের পাণ্ডারা ২০১৮ সালের ৪ নভেম্বর রংপুর আদালত চত্বরে দৈনিক ইত্তেফাকের এক সময়ের সম্পাদকমণ্ডলীর সভাপতি ব্যারিস্টার মইনুল হোসেনকে নাজেহাল করলেও এই সুশীল-সাংবাদিকদের বিবেক নাড়া দেয়নি। তখন এরা গণভবনে শেখ হাসিনার সংবাদ সম্মেলনে সাংবাদিকতার নীতি-নৈতিকতা বিসর্জন দিয়ে তোষামোদির প্রতিযোগিতায় লিপ্ত ছিলেন। হাসিনার শাড়ি-ব্লাউজ আর পিঠাপুলির প্রশংসা করেছেন। শেখ হাসিনার পেঁয়াজ ছাড়া পিঁয়াজু, কুমড়া দিয়ে বেগুনি, কাঁচামরিচ ফ্রিজে রেখে খাওয়ার উক্তির প্রশংসা করেছেন। পুরান ঢাকার দর্জি বিশ্বজিৎ হত্যা বা বুয়েটের আবরার ফাহাদ হত্যা এদের হৃদয়ে নাড়া দিতে পারেনি।

শেখ হাসিনা দেশ শাসনের নামে ১৫ বছর যে নিষ্ঠুরতা করেছেন তা ভাষায় প্রকাশ করার মতো নয়। বুধবারও বিদেশি গণমাধ্যমে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস হাসিনার অপকাণ্ড ও ভয়াবহ নিষ্ঠুরতার চিত্র তুলে ধরেছেন। ছাত্র-জনতার অভ্যুত্থানে ৫ আগস্ট হাসিনা ভারতে পালিয়ে যাওয়ার পর তার মন্ত্রিসভার অনেক সদস্য, তার একজন উপদেষ্টা, এমপি এবং গণহত্যার নির্দেশ পালন করা আইনশৃঙ্খলা বাহিনীর উর্ধ্বতন একাধিক কর্মকর্তাকে গ্রেফতার করা হয়েছে। তাদের আদালতে তুলে পর্যায়ক্রমে রিমান্ডে নেয়া হচ্ছে। রিমান্ডে তারা পরিস্থিতি তুলে ধরছেন। তাদের বক্তব্য হলো শেখ হাসিনা উপদেষ্টা-মন্ত্রী কারো কথাই শুনেননি। সাবেক সংবাদ প্রচারের নামে প্রতিদিন শেখ হাসিনাকে উস্কিয়েছেন। কোটাবিরোধী আন্দোলন ঠেকানোর জন্য শেখ হাসিনাকে উদ্বুদ্ধ করেছেন। তাদের ইন্ধনেই শেখ হাসিনা ভয়ঙ্কর নিষ্ঠুর হয়ে উঠেন এবং পুলিশ বাহিনীকে দানবে পরিণত করে ছাত্র-জনতাকে রাজপথ থেকে হটাতে গুলি চালানোর নির্দেশনা দেন। ফলে গুলি করে, ব্রাশফায়ার করে, স্নাইপার দিয়ে বহুদূরে গুলি করে শত শত ছাত্র-জনতা হত্যা করা হয়। সাংবাদিকতার নামে এতগুলো মানুষকে হত্যার এই উস্কানিদাতারা দায় এড়াবেন কিভাবে? অপ্রিয় হলেও সত্য যে, সুযোগ সন্ধানী এই মুজিববাদী সাংবাদিক নামধারী তোষামোদকারীরা দেশের গণমাধ্যমকে কলুষিত করেছেন। গণমাধ্যমের চরিত্রই পাল্টে দিয়েছেন। এদের অপসাংবাদিকতার কারণে গণমাধ্যমের বদলে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোর প্রতি মানুষ ঝুঁকছে। দালাল শ্রেণির এই সাংবাদিকরা ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের পাতানো নির্বাচনের পক্ষে প্রচারণা চালিয়ে জনগণের ভোটাধিকার হরণে শেখ হাসিনাকে সহায়তা করেছেন। বিনিময়ে নিজেরা কোটি কোটি টাকার মালিক হয়েছেন। কেউ প্লট, ফ্ল্যাট নিয়েছেন, কেউ তদবির বাণিজ্য করে কোটি কোটি টাকা কামিয়েছেন, কেউ কেউ আবার বিভিন্ন কর্পোরেশন, দূতাবাস, সেক্টর, ব্যাংক-বীমার মালিক হয়েছেন। কেউ সরকারি প্রতিষ্ঠানের পদ-পদবি এবং বিশ্ববিদ্যারয়ের গুরুত্বপূর্ণ পদে বসে অর্থসম্পদ লুট করেছেন। দেশের বিপুল সংখ্যক সাংবাদিক এখনো অর্থাভাবে স্বাভাবিকভাবে চলতে পারেন না। অথচ এরা হাসিনার ১৫ বছরে কেউ দশ, বিশ কোটি এবং শত কোটি টাকার মালিক হয়েছেন। এই নীতিহীন, আদর্শহীন, চরিত্রহীন সাংবাদিকদের বিরুদ্ধে মামলা করায় উদ্বেগ প্রকাশ করা হচ্ছে। প্রশ্ন হচ্ছে গণহত্যা করে শেখ হাসিনা পালানোর পর যে সাংবাদিককে গ্রেফতার করা হয়েছে এবং যাদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মামলা হয়েছে তারা কী ধোয়া তুলসি পাতা! তারা যদি অপরাধে জড়িত না থাকে তাহলে তো এমনিতেই তদন্তে তাদের নাম বাদ যাবে। চিন্তার কি আছে?

গিরগিটির মতো রঙ বদলানো সাংবাদিক-সম্পাদকদের মতো কিছু তথাকথিত *(বাকি অংশ বাঁ পাশে)*

গণমাধ্যম ও সাংবাদিকদের রঙ বদল!

*(ডান পাশের অংশ থেকে)* বুদ্ধিজীবী, সাংস্কৃতিক কর্মী, এনজিও কর্মী কয়েজন সাংবাদিকদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মামলা ও সাংবাদিক দম্পতিকে গ্রেফতারের প্রতিবাদ করছেন এবং মানবাধিকার প্রসঙ্গ সামনে আনছেন। প্রশ্ন হচ্ছে হঠাৎ করে গণমাধ্যম, দালাল সাংবাদিকদের মানবাধিকার নিয়ে এত মায়াকান্নার নেপথ্যের রহস্য কি? দেশকে বিপর্যয়ের মুখে ফেলে দেয়া পলাতক হাসিনার তল্পিবাহক সাংবাদিকদের কেবল মানবাধিকার আছে অন্যদের নেই? ২০১৪ সালের ১৩ সেপ্টেম্বর বিশিষ্ট অর্থনীতিবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষক, রাষ্ট্রচিন্তক ড. মাহবুবউল্লাহকে পিটিয়ে রক্তাক্ত করেছিল ছাত্রলীগ। একজন বুদ্ধিজীবীকে রক্তাক্ত করা কী এই সাংবাদিক, বুদ্ধিজীবী, সুশীলদের বিবেক নাড়া দিয়েছিল? ২০১৩ সালের ৫ ও ৬ মে শাপলা চত্বরে পুলিশের ভয়ঙ্কর নিষ্ঠুরতায় কওমী মাদরাসার অসংখ্য গরিব শিক্ষার্থীকে হত্যা করা হয়। আন্তর্জাতিক গণমাধ্যমে এই খবর মাসের পর মাসজুড়ে শিরোনাম হয়েছে। পিলখানায় বিডিআর বিদ্রোহে ৫৭ সেনা হত্যাকান্ড নিয়ে এদের প্রাণ কাঁদেনি। ২০২১ সালের মার্চ মাসে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঢাকা সফরের প্রতিবাদে আলেম সমাজ মিছিল করেছিল। এ সময় তাদের ওপর যেভাবে অত্যাচার-নির্যাতন করা হয় তা বর্ণনাতীত। এসব ভয়ঙ্কর নিষ্ঠুর পৈশাচিকতার মানবাধিকার লংঘিত হয়েছে বলে মুখচেনা সুশীল-বুদ্ধিজীবীরা হাসিনা রেজিমের বিরুদ্ধে মানবাধিকার লংঘনের অভিযোগ তোলার প্রয়োজন বোধ করেননি। এমনকি ইনকিলাব অফিসে তালা ঝুলিয়ে ছাপানো বন্ধ করা (প্রায় এক মাস পর আদালত পত্রিকা খুলে দেয়), সম্পাদক-সাংবাদিকদের বিরুদ্ধে মামলা, আমার দেশ, দিগন্ত টিভি, দৈনিক দিনকাল, ইসলামী টিভিসহ কয়েকটি গণমাধ্যম বন্ধ করে দেয়ায় হাজার হাজার মিডিয়াকর্মী বেকার হয়ে বছরের পর বছর মানবেতর জীবনযাপন করেছে। তাদের জন্য মুখচেনা এই সাংবাদিক, বুদ্ধিজীবী সুশীলদের প্রাণ কাঁদেনি। বরং ওই সব গণমাধ্যম বন্ধের সিদ্ধান্তের পক্ষে যুক্তি তুলে ধরে টকাশো প্রচার করা হয়েছে। মুখচেনা সাংবাদিক-সুশীলদের প্রাণ কাঁদছে ছাত্র-জনতার আন্দোলনে গণহত্যায় ইন্ধন দেয়া তথাকথিত দালাল সাংবাদিক ও বৈধ-অবৈধপথে উপার্জিত অর্থ রক্ষার ঢাল হিসেবে ব্যবহৃত কর্পোরেট হাউসগুলোর মালিকানাধীন গণমাধ্যমগুলোর জন্য! ২০১৭ সালের জুলাই মাসে প্রখ্যাত বুদ্ধিজীবী, দার্শনিক, কলামিস্ট ফরহাদ মজহারকে অপহরণ করা হয়েছিল। খুলনার একটি সীমান্ত দিয়ে তাকে ভারতে পাচারের চেষ্টার সময় তাকে র‍্যাব উদ্ধার করে। ফরহাদ মজহারকে উদ্ধারের পর সাংবাদিকতার নামে তাকে (একাত্তর টিভি ও সময় টিভি) উল্টো প্রশ্ন করে আপনি নিখোঁজ হলেন কেন? এত জায়গা থাকতে আপনাকে কেন ভারতে নিয়ে যাওয়ার চেষ্টা হয়? নাকি নিজেই নিখোঁজ হয়ে প্রচারণায় এলেন? এসব প্রশ্ন কী কোনো সাংবাদিকতার পর্যায়ে পড়ে?

ড. ইউনূসকে নাজেহাল না করার আহবান জানিয়ে বিশ্বের শত নোবেল বিজয়ীসহ আন্তর্জাতিক নেতাদের বাংলাদেশের প্রধানমন্ত্রীকে দেয়া 'খোলা চিঠির' প্রতিবাদ করে বিবৃতি দেয়া ৫০ জন সম্পাদকের অনেকেই দেখা গেল যমুনায় প্রধান উপদেষ্টা ড. মুহম্মদ ইউনূসের সঙ্গে সম্পাদকদের মতবিনিময় অনুষ্ঠানে। যমুনায় ড. ইউনূসের সামনে তারা কত হাসিখুশি সাবলীল। গ্রিসের রাজা আলেকজান্ডার দ্য গ্রেট প্রায় দুই হাজার বছর আগে ভারত উপমহাদেশ সম্পর্কে তার সেনাপতি সেলুকাসকে উদ্দেশ করে বলেছিলেন, 'সত্য সেলুকাস, কী বিচিত্র এই দেশ!' এখন দেশের রাজনৈতিক পটপরিবর্তনে সুবিধাবাদী গণমাধ্যম ও সুবিধাবাদী সাংবাদিকদের তৎপরতা দেখে বলতে ইচ্ছে করে 'বাংলাদেশের গণমাধ্যম ও সাংবাদিকতার বিচিত্র কী রূপ'।



# কোন পথে এগোবে বাংলাদেশ

জাহীদ রেজা নূর



যে সংবিধান সরকারকে একনায়ক করে তুলবে না, সেই রকম আশাপ্রদ কিছু হতে হবে। মুক্তিযুদ্ধের অঙ্গীকারগুলো যেন তাতে থাকে। অন্তর্বর্তীকালীন সরকারপ্রধান ড. ইউনূস বলেছেন, 'হিন্দু-মুসলমান ভেদাভেদ নেই, সবার সমান অধিকার'। এ কথাটা সংবিধান স্বীকৃত। কিন্তু সব ধর্মের মানুষ সমান সুযোগ ভোগ করার পাশাপাশি সব ধর্মের মানুষ সমান নিরাপত্তা পাচ্ছে কি না, সেটাও দেখার বিষয়।

না বুঝে কিছু বলার চেয়ে ঘটনা যা ঘটছে, সেদিকে দৃষ্টি রাখা ভালো। পরিবর্তন কী হচ্ছে, কতটা হচ্ছে, আদৌ হচ্ছে কি না, সেই সব প্রশ্ন নিয়ে এখনই বিতর্ক করার সময় আসেনি। কেবল তো ক্ষমতা হাতে নিল অন্তর্বর্তী সরকার। সত্যিই এমন কোনো সংস্কার করা সম্ভব কি না, যাতে ক্ষমতাসীন কেউ স্বৈরাচার হয়ে উঠতে না পারে, সেদিকে গণ-অভ্যুত্থানকারী চালিকাশক্তির চোখ থাকবে নিশ্চয়ই। নইলে 'থোড় বড়ি খাড়া-খাড়া বড়ি থোড়ের' গাড্ডায় পড়ে যাবে দেশ।

অন্তর্বর্তী সরকার ক্ষমতা হাতে নেওয়ার পর থেকে নানা ঘটনা ঘটে চলেছে। যখন যা ঘটছে, তা নিয়ে তৎক্ষণাৎ আলোচনা-সমালোচনা শুরু হচ্ছে। বিশেষ করে সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্ন মানুষ ঘটনার বিষয়ে তাঁদের বিশ্লেষণ প্রকাশ করছেন। প্রায় সবার হাতেই স্মার্টফোন থাকায় এবং সেই ফোনে ইন্টারনেট থাকায় অনেকেই ইউটিউব, ফেসবুক বা অন্য কোনো মাধ্যমে ঘটনাগুলোর সঙ্গে পরিচিত হচ্ছেন। কনটেন্টগুলোর কোনো কোনোটিতে আপন মনের মাধুরী মিশিয়েও কোনো ঘটনা 'রচনা' করতে দেখা যাচ্ছে। ফলে ঘটনার সত্য-মিথ্যা নির্ণয় করা কঠিন হয়ে পড়ছে।

ওলট-পালট সময় ধীরে ধীরে নিশ্চয়ই স্থিত হবে, সেটাই কাঙ্ক্ষিত। কিন্তু কেউ কেউ ইতিমধ্যে নিজেদের ক্ষমতা দেখাতে শুরু করেছেন। প্রশাসনে যে অদলবদল হচ্ছে, তাতে বঞ্চিত যোগ্য কর্মকর্তাদের পাশাপাশি অযোগ্য, অদক্ষরাও ক্ষমতার সিঁড়ি বেয়ে ওপরে উঠতে শুরু করেছেন। পেট্রোবাংলার একটি উদাহরণ দিলেই বিষয়টি পরিষ্কার হবে। ২০তম গ্রেডের কয়েকজন কর্মচারীকে এক লাফে নবম গ্রেডে পদোন্নতি দেওয়া হয়েছে। কোন ক্ষমতাবলে এ রকম অসাধ্য সাধন হলো, তা এক বিরাট বিস্ময়। কেউ সম্ভবত এই প্রশ্নের উত্তর দেবেন না। এ ধরনের কর্মকাণ্ড এই গণ-অভ্যুত্থানের স্পিরিটের সঙ্গে যায় না। সংবাদটি সত্য হলে এখনই এর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া দরকার। নইলে জনগণের কাছে ভুল বার্তা যাবে। জনগণ মনে করবে, দখল-বেদখলের রাজনীতিই বুঝি ফিরে এল আবার।

পরিবহন খাতে চাঁদাবাজির হাতবদল হয়েছে মাত্র। ১৫ বছর যারা বুভুক্ষু ছিল, তারাই এখন চাঁদাবাজির নিয়ন্ত্রক হয়ে বসছে সর্বত্র। দলীয়করণ ও চাঁদাবাজি যেন আর না চলে, সেটাও তো চেয়েছে ছাত্র-জনতা। কিন্তু পরিবহন খাতে এই আলামত মোটেই স্বস্তি দিতে পারছে না কাউকে। অন্যদিকে আদালত প্রাঙ্গণে আসামিদের সঙ্গে যে আচরণ করা হচ্ছে, সেগুলোকে জনরোষ নামে চালিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে বটে, কিন্তু সেখানে জনতা কোথায়? সেখানে মূলত বিএনপি দলীয় আইনজীবীরাই উপস্থিত থেকে আটক আওয়ামী লীগের মন্ত্রী বা নেতাদের গায়ে ছুড়ে মারছেন পচা ডিম। কেউ কেউ পুলিশি নিরাপত্তার মধ্যেই আটক ব্যক্তির শরীরে হাত তুলছেন। বিচারপতি মানিকের কর্মকাণ্ড নিয়ে অনেক অভিযোগ আছে, এরই আলোকে ন্যায়সংগত বিচার হতে হবে। কিন্তু তাঁর সঙ্গে যে আচরণ করা হয়েছে, সেটা কোনো সভ্য আচরণ নয়। আর হরে-দরে সবার নামে হত্যা মামলা দিয়ে মামলাগুলোকেই করে ফেলা হচ্ছে জোলো, মেরিটহীন। সালমান এফ রহমান স্টক এক্সচেঞ্জের বারোটা বাজিয়েছেন, ঋণ নিয়ে তেলেসমাতি করেছেন। তাঁর বিরুদ্ধে মামলা হলে তো এসব বড় অনাচারের ব্যাপারেই হওয়ার কথা। কিন্তু তাঁকে হত্যা মামলায় গ্রেপ্তার করা হয়েছে। একসময় এই অদ্ভুত মামলাগুলো নিয়েও প্রশ্ন উঠবে। বলা হবে, তাহলে পরিবর্তনটা কোথায় হলো? সেই মামলাবাজির মধ্যেই কি ঢুকে যাচ্ছি আমরা? এসব জায়গায় পরিবর্তনের ছোঁয়া একেবারেই লাগেনি। বরং ক্ষমতাশালী কাউকে কাউকে বলতে শোনা গেছে, 'আওয়ামী লীগ আমলেও তো এসব ঘটনা ঘটেছিল, তার বেলা?' আওয়ামী আমলে সে রকম ঘটনা ঘটেছে বলেই তো তা প্রতিরোধ করাটা এখন লক্ষ্য হওয়া উচিত। একই কাণ্ড যদি এখনো ঘটতে থাকে, তাহলে পরিবর্তনটা কী হলো?

সবচেয়ে দুঃখজনক ঘটনা ঘটেছে শিক্ষার্থীদের দাবির মুখে বাধ্য হয়ে শিক্ষকদের জোরপূর্বক পদত্যাগ করানো নিয়ে। ফেসবুকে অথবা ইউটিউবে এই উন্মত্ততার যে চিত্র দেখা গেছে, তা কোনো শুভারম্ভের ইঙ্গিত দেয় না। শিক্ষককে অসম্মান করে যারা মজা পেয়েছে, তারা আর যাই হোক, শোভন আচরণ করেনি। শিক্ষকদের সম্মান ভূলুণ্ঠিত করার মাধ্যমে তারা নিজেদের সম্মানও ক্ষুণ্ন করল কি না, সেই প্রশ্নের জবাব কে দেবে? শিক্ষক লাঞ্ছনার ব্যাপারে ইতিমধ্যে বিবিসিতে প্রচারিত একটি ভিডিও প্রতিবেদনে অনেক কিছু পরিষ্কার হয়েছে।

স্কুল-কলেজের শিক্ষার্থীদের একটি অংশ শিক্ষকদের পদত্যাগে বাধ্য করানোর নামে যে অরাজকতা চালাল, তাতে সংস্কারপ্রক্রিয়া প্রশ্নবিদ্ধ হলো। এটাকে বহুদিনের পুঞ্জীভূত ক্ষোভ বা ক্রোধ বলে চালানো যাবে না। এর জন্য লজ্জা পেতে হবে পুরো জাতিকে।

১৫ বছরের শাসনামলে সবকিছুর দলীয়করণ এবং আকাশপ্রমাণ দুর্নীতির যে পরিচয় আওয়ামী লীগ রেখে গেছে, তা থেকে বেরিয়ে আসতে সময় লাগবে। কিন্তু সেই সঙ্গে এ কথাও বলতে হবে, যে অঙ্গীকার নিয়ে আমাদের দেশে মুক্তিযুদ্ধ হয়েছিল, সেই অঙ্গীকার রক্ষা করেছে ক্ষমতায় বসা কোন শাসক দল? আওয়ামী লীগ? বিএনপি? বিএনপি-জামায়াত? জাতীয় পার্টি? যে যত কম সময় ক্ষমতায় থেকেছে, সে তত ছোট স্বৈরাচার আর যে যত বেশি সময় ক্ষমতায় থেকেছে, সে তত বড় স্বৈরাচার হয়েছে। এ তো দিবালোকের মতোই সত্য। প্রতিটি আমলের অনাচার নিয়ে একগাদা প্রমাণ রয়েছে বই-পুস্তকেই। সেসব পড়ে নিলেই আমাদের রাজনীতির মূল সমস্যাটা পরিষ্কার ধরা যাবে।

শঙ্কা থাকে, যদি রাজনীতির এই চরিত্রের পরিবর্তন না হয়, তাহলে অপশাসনের ধারাবাহিকতা চলতেই থাকবে। ক্ষমতার শুধু পালাবদল হবে, নতুন কিছু হবে না। নতুন নতুন স্বপ্ন দেখবে মানুষ, সেই স্বপ্নের সমাধিও রচিত হবে।

কিন্তু দেশের জনগণ তো আবার কোনো নতুন স্বৈরাচারী ব্যবস্থায় ফিরে যেতে চায় না। তারা চায় সুখে-শান্তিতে অন্তত ডাল-ভাত খেয়ে নিশ্চিন্ত জীবন যাপন করতে। সেই জীবনের কি আভাস পাওয়া যাচ্ছে কোথাও? বাংলাদেশে সব ধর্মের মানুষ নিশ্চিন্তে বসবাস করবেড়এমন নিশ্চয়তা কি সত্যিই মনে শক্তি দিতে পারছে? এর জন্য দরকার রোডম্যাপ।

*সবচেয়ে দুঃখজনক ঘটনা ঘটেছে শিক্ষার্থীদের দাবির মুখে বাধ্য হয়ে শিক্ষকদের জোরপূর্বক পদত্যাগ করানো নিয়ে। ফেসবুকে অথবা ইউটিউবে এই উন্মত্ততার যে চিত্র দেখা গেছে, তা কোনো শুভারম্ভের ইঙ্গিত দেয় না। শিক্ষককে অসম্মান করে যারা মজা পেয়েছে, তারা আর যাই হোক, শোভন আচরণ করেনি। শিক্ষকদের সম্মান ভূলুণ্ঠিত করার মাধ্যমে তারা নিজেদের সম্মানও ক্ষুণ্ন করল কি না, সেই প্রশ্নের জবাব কে দেবে? শিক্ষক লাঞ্ছনার ব্যাপারে ইতিমধ্যে বিবিসিতে প্রচারিত একটি ভিডিও প্রতিবেদনে অনেক কিছু পরিষ্কার হয়েছে।*

*স্কুল-কলেজের শিক্ষার্থীদের একটি অংশ শিক্ষকদের পদত্যাগে বাধ্য করানোর নামে যে অরাজকতা চালাল, তাতে সংস্কারপ্রক্রিয়া প্রশ্নবিদ্ধ হলো। এটাকে বহুদিনের পুঞ্জীভূত ক্ষোভ বা ক্রোধ বলে চালানো যাবে না। এর জন্য লজ্জা পেতে হবে পুরো জাতিকে।*

*১৫ বছরের শাসনামলে সবকিছুর দলীয়করণ এবং আকাশপ্রমাণ দুর্নীতির যে পরিচয় আওয়ামী লীগ রেখে গেছে, তা থেকে বেরিয়ে আসতে সময় লাগবে। কিন্তু সেই সঙ্গে এ কথাও বলতে হবে, যে অঙ্গীকার নিয়ে আমাদের দেশে মুক্তিযুদ্ধ হয়েছিল, সেই অঙ্গীকার রক্ষা করেছে ক্ষমতায় বসা কোন শাসক দল? আওয়ামী লীগ? বিএনপি? বিএনপি-জামায়াত? জাতীয় পার্টি? যে যত কম সময় ক্ষমতায় থেকেছে, সে তত ছোট স্বৈরাচার আর যে যত বেশি সময় ক্ষমতায় থেকেছে, সে তত বড় স্বৈরাচার হয়েছে। এ তো দিবালোকের মতোই সত্য। প্রতিটি আমলের অনাচার নিয়ে একগাদা প্রমাণ রয়েছে বই-পুস্তকেই। সেসব পড়ে নিলেই আমাদের রাজনীতির মূল সমস্যাটা পরিষ্কার ধরা যাবে।*

*শঙ্কা থাকে, যদি রাজনীতির এই চরিত্রের পরিবর্তন না হয়, তাহলে অপশাসনের ধারাবাহিকতা চলতেই থাকবে। ক্ষমতার শুধু পালাবদল হবে, নতুন কিছু হবে না। নতুন নতুন স্বপ্ন দেখবে মানুষ, সেই স্বপ্নের সমাধিও রচিত হবে।*

সংকট উত্তরণের রোডম্যাপ যত দ্রুত দেওয়া যাবে, ততই জনগণ বর্তমানে ঘটতে থাকা ঘটনাবলির সঠিক বিশ্লেষণ করতে পারবে। বুঝতে পারবে, এই সরকার কতটা আন্তরিক। রোডম্যাপ অনুযায়ী তারা যদি সংস্কারকাজ করতে পারে, তাহলে কিছুটা হলেও আশা আছে। সংবিধান নিয়ে নতুন করে ভাবা হচ্ছে। যে সংবিধান সরকারকে একনায়ক করে তুলবে না, সেই রকম আশাপ্রদ কিছু হতে হবে। মুক্তিযুদ্ধের অঙ্গীকারগুলো যেন তাতে থাকে। অন্তর্বর্তী সরকারপ্রধান ড. ইউনূস বলেছেন, 'হিন্দু-মুসলমান ভেদাভেদ নেই, সবার সমান অধিকার'। এ কথাটা সংবিধান স্বীকৃত। কিন্তু সব ধর্মের মানুষ সমান সুযোগ ভোগ করার পাশাপাশি সব ধর্মের মানুষ সমান নিরাপত্তা পাচ্ছে কি না, সেটাও দেখার বিষয়। আমাদের দেশে উগ্র ধর্মান্ধ গোষ্ঠী রয়েছে, যাদের কর্মকাণ্ড বিশ্লেষণ করলে দেখা যাবে, ধর্মীয় হানাহানির ক্ষেত্র তৈরি করার প্রবণতা আছে তাদের মধ্যে। ছাত্র-জনতার আন্দোলনের সময় এরাও সেই আন্দোলনে ঢুকে পড়েছে। এদের দিকে রাখতে হবে সতর্ক খেয়াল। বাংলাদেশের বেশির ভাগ মানুষ ধর্ম নিয়ে বাড়াবাড়ি পছন্দ করে না।

যত দিন পর্যন্ত স্বাভাবিক নির্বাচন হয়েছে, তত দিন পর্যন্ত দেখা গেছে দেশের মানুষের বড় একটা অংশ মূলত আওয়ামী লীগ ও বিএনপির রাজনীতিকে সমর্থন করে। দেশের কোনো কোনো অঞ্চলে জাতীয় পার্টির প্রতি জনসমর্থন আছে। ইসলামি দলগুলো সেভাবে হালে পানি পায়নি। পাকিস্তান রাষ্ট্রের ইসলাম ভাঙিয়ে খাওয়ার প্রবণতার বিরুদ্ধে বাংলার প্রবল প্রতিবাদ দিয়েই কেবল তার ব্যাখ্যা করা যায়। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ হয়েছিল মূলত বঞ্চিত মানুষের অধিকার আদায়ের জন্য। সেই আন্দোলনও ইসলামবিরোধী তকমা এঁটে দিয়েছিল ধর্মব্যবসায়ীরা। সংবিধানে পরিবর্তন আনতে গিয়ে সে কথাগুলো মনে রাখা দরকার।

দুঃখের ব্যাপার হলো, ৩০ লাখ মানুষের আত্মদানের বিনিময়ে পাওয়া স্বাধীনতা নিয়ে বিভিন্ন রাজনৈতিক দল ছেলেখেলা খেলেছে। মুখে বলেছে মুক্তিযুদ্ধের কথা, দৃশ্যত করেছে লুটপাট। দলীয়করণকে করে তুলেছে শিল্প। 'জোর যার মুল্লুক তার' প্রবাদ স্মরণে রেখে স্ফীত করেছে ব্যাংক ব্যালান্স। ভাবা যায়, ক্ষমতাসীন দলের ডাকসাইটে নেতাদের মুখেও শোনা গেছে 'যদি দল ক্ষমতাচ্যুত হয়, তাহলে পিঠের চামড়া থাকবে না'! কেন পিঠের চামড়া থাকবে না? দেশ পরিচালনা করার সময় কী এমন করা হয়েছে, যার উপহারস্বরূপ দেশের মানুষ তাদের পিঠের চামড়া খুলে নেবে?

এই পিঠের চামড়া খুলে নেওয়ার রাজনীতি বন্ধ করতে হবে। জনগণ যাদের ভোট দেবে, তারা ক্ষমতায় যাবে এবং নির্ধারিত সময় পর্যন্ত দেশ পরিচালনা করবে। জনগণ তাদের ওপর সন্তুষ্ট হলে আবার তারা ক্ষমতায় আসবে, নইলে যেকোনো সভ্য দেশে পরিচালিত নির্বাচনের মতোই নির্দিষ্ট সময়ে অন্য দলের হাতে ক্ষমতা দেবে। নতুন সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানটি হবে আনন্দময়, উৎসবমুখর। বিরোধী দলের তাতে অংশগ্রহণ থাকবে স্বতঃস্ফূর্ত।

সামনে অবারিত পথ। অসংখ্য পথ। কোন পথে এগোবে বাংলাদেশ, দেখা যাক।



## গণভবন-সংসদ ভবনের লুট হওয়া অস্ত্রের

*(প্রথম পাতার পর)* পর গণভবনের দায়িত্বে থাকা এসএসএফ সদস্য পালিয়ে যাওয়ার জন্য পাঁচ মিনিট সময় পেয়েছিলেন। ফলে অস্ত্র ও গোলাবারুদ তারা নিতে পারেননি। বিভিন্ন ধরনের ট্যাক্টিক্যাল গিয়ার, অস্ত্র, গোলাবারুদ, সাজসরঞ্জাম, বেতার যোগাযোগ ও অপারেশনাল সরঞ্জামাদির মজুত ছিল এসএসএফের। কিন্তু, হাতে সময় একদমই না থাকায়, এসব ফেলে শুধু নিজেদের সঙ্গে থাকা ছোট আগ্নেয়াস্ত্র নিয়ে বিভিন্নভাবে গণভবন থেকে সংসদ ভবনে গিয়ে প্রাণরক্ষার চেষ্টা করেন তারা। জনতা যখন সংসদ ভবনেও ঢুকে পড়ে, তখন এসএসএফ সদস্যরা দ্রুত নিজেদের অস্ত্র ও পোশাক খুলে সংসদ ভবনের ভল্টে রেখে সাধারণ পোশাকে আন্দোলনকারীদের সঙ্গে মিশে প্রাণরক্ষা করেন। পরবর্তীকালে পরিদর্শন করে গণভবন ও সংসদ ভবনে থাকা ভল্টগুলো আর পাওয়া যায়নি। অত্যাধুনিক অ্যাসল্ট রাইফেল, স্নাইপার রাইফেল, ফ্ল্যাশব্যাং গ্রেনেড, অ্যান্টি-ড্রোন সিস্টেম, বেতার যোগাযোগের ডিভাইস ও বিপুল পরিমাণ গোলাবারুদ খোয়া গেছে, যার মূল্য ৫ কোটি টাকারও বেশি। গণভবনে এসএসএফের স্থাপিত অপারেশন রুমে অস্ত্র ও গোলাবারুদ রাখার জন্য দুটি অত্যাধুনিক ভল্ট স্থায়ীভাবে স্থাপন করা ছিল, যার প্রতিটির ওজন ১০০ কেজি। একটি ভল্টে দুটি এসএমজি টি-৫৬ রাইফেল ছিল এবং অপর ভল্টে ৯ হাজার ৪৯৮ রাউন্ড তাজা গুলি ছিল। দুর্বৃত্তরা ঐ ভল্ট দুইটি নিয়ে যায়।

পুলিশ সদর দফতর সূত্র জানায়, ঐ সময় ৫ হাজার ৮১৭টি আগ্নেয়াস্ত্র খোয়া যায়। এর মধ্যে ১ হাজার ৮৯০টি অস্ত্র এখনো উদ্ধার হয়নি। যদিও গত চার দিনে যৌথ অভিযান ৫৩টি অস্ত্র উদ্ধার হয়েছে। এর মধ্যে রিভলভার দুটি, পিস্তল ১৮টি, রাইফেল দুটি, শটগান ১১টি, পাইপগান একটি, শুটারগান ছয়টি, এলজি তিনটি, বন্দুক তিনটি, একে-৪৭ একটি, গ্যাসগান একটি, চাইনিজ রাইফেল একটি, এয়ারগান একটি ও এসবিবিএল তিনটি। গ্রেফতার হয়েছেন ২৫ জন।

এসব আগ্নেয়াস্ত্র সাধারণ মানুষের কাছে থাকা কতটা নিরাপদ? এমন প্রশ্নে পুলিশের সাবেক মহাপরিদর্শক নুরুল হুদা বলেন, ‘অবৈধ কোনো আগ্নেয়াস্ত্র সাধারণ মানুষের কাছে থাকা ঠিক না। এর কারণে আইনশৃঙ্খলা পরিস্থিতির যে কোনো সময় অবনতি হতে পারে। এই মুহূর্তে সরকারের কাজ হবে এসব অস্ত্র ও গোলাবারুদ উদ্ধারে মনোযোগ দেওয়া। পাশাপাশি যেসব সন্ত্রাসী ও জঙ্গিরা পালিয়ে গেছেন তাদের গ্রেফতার করতে হবে।’

ঢাকা মেট্রোপলিটন পুলিশের কমিশনার মাইনুল হাসান বলেন, ‘এসব অস্ত্র ও গোলাবারুদ উদ্ধারের জন্য যৌথ বাহিনীর অভিযান পরিচালনা করা হচ্ছে। এই যৌথ অভিযানে পুলিশ ছাড়াও সশস্ত্র বাহিনী, বিজিবি, কোস্টগার্ড, র‍্যাব ও আনসার সদস্যরা অংশ নিচ্ছেন। তবে যে অস্ত্র ও গোলাবারুদ খোয়া গেছে, সেগুলো উদ্ধার করা সময়সাপেক্ষ ব্যাপার। আমরা চেষ্টা করছি।’

# নবাবগঞ্জ এসোসিয়েশনের বন্যার্তদের ১৫ লক্ষ টাকার অনুদান




**বাংলা পত্রিকা ডেস্ক:** যুক্তরাষ্ট্রে প্রবাসী সংগঠন নবাবগঞ্জ এসোসিয়েশন অব ইউএসএ ইনক এর উদ্যোগে বাংলাদেশের বন্যা উপদ্রুত এলাকার মানুষদের সাহায্যের জন্য ১৫ লক্ষ টাকার একটি তহবিল গঠন করা হয়েছিলো। নিউইয়র্কে বাংলাদেশ কনসুলেট অফিসে ছোট আয়োজনের নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল নাজমুল হুদার মাধ্যমে সমুদয় অর্থ বাংলাদেশের অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টার রিলিফ ফান্ডে প্রদান করা হয়। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ডেপুটি কন্সাল জেনারেল জনাব নাজমুল হাসান ও চ্যান্সেলর ও হেড অফ চ্যান্সারী ইশরাত জাহান। মানবিক এই কাজের জন্য তারা প্রত্যেকেই নবাবগঞ্জ এসোসিয়েশন কে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত আয়োজনে নবাবগঞ্জ এসোসিয়েশন এর সভাপতি উজ্জ্বল বিপুল ও সাধারণ সম্পাদক আসাদ জামান, বাবুল দেওয়ান, মিলন মোল্লা, ইউসুফ বিজু সহ সংগঠনের অনেকেই উপস্থিত ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি




## নেপালি ছাত্রীকে গুলি করে হত্যা

*(শেষ পাতার পর)* আছে বলে অজ্ঞাত একটি নম্বর থেকে কল করে তাদের জানানো হয়। পরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। সেখানে তাকে মৃত অবস্থায় পাওয়া যায়।

এই ঘটনার দুদিন পর পুলিশ ওই অ্যাপার্টমেন্টের সিসিটিভি ফুটেজ থেকে ববি সিং শাহকে সন্দেহভাজন ঘাতক হিসেবে শনাক্ত করে। পরে তার একটি ছবি প্রকাশ করা হয়। পুলিশ বলেছে, সেদিনই হিউস্টনের একটি ট্রাফিক পয়েন্ট থেকে তাকে গ্রেফতার করেছে পুলিশ। ভারতীয় বংশোদ্ভূত এই ব্যক্তির বিরুদ্ধে হত্যার অভিযোগ আনা হয়েছে।

মুনা পান্ডের সৎকার ও তার মাকে যুক্তরাষ্ট্রে নিয়ে যাওয়ার অর্থ সংগ্রহের জন্য অনলাইন ওয়েবসাইট গোফান্ডমিতে পেইজ চালু করা হয়েছে। এতে বলা হয়েছে, উচ্চশিক্ষার জন্য ২০২১ সালে যুক্তরাষ্ট্রে যান মুনা। সেখানে হিউস্টনের কমিউনিটি কলেজে ভর্তি হয়েছিলেন তিনি। গত কয়েক দিন ধরে তার মা অনলাইনে যোগাযোগের চেষ্টা করেছেন।

হিউস্টনে বসবাসরত নেপালি এক নাগরিক বলেন, মুনার ফোন সব সময় অনলাইনে ছিল বলে জানিয়েছেন তার মা। রোববার রাতের পর ফোন অফলাইনে পাওয়া যায়। মুনার শরীরে তিনটি গুলির ক্ষত পাওয়া গেছে। তার মরদেহ বিছানায় পড়ে ছিল। এ হত্যাকাণ্ড কীভাবে ঘটেছে, তা তদন্তে বেরিয়ে আসবে।

মুনা পান্ডে তার বাবা-মায়ের একমাত্র সন্তান বলে জানিয়েছেন নেপালি ওই নাগরিক। গোফান্ডমিতে এখন পর্যন্ত ৩০ হাজার মার্কিন ডলার সহায়তা পাওয়া গেছে। এই অর্থ মুনার সৎকার ও তার মাকে যুক্তরাষ্ট্রে নিয়ে আসার কাজে ব্যয় করা হবে বলে জানিয়েছেন তিনি।



# অধ্যক্ষ সুলতান কবির চুনু'র দাফন সম্পন্ন





*(শেষ পাতার পর)* রাজেউন। তিনি দীর্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছিলেন। তার বয়স হয়েছিলো মৃত্যুকালে তিনি পাঁচ ছেলে এবং দুই ভাই সহ অসংখ্য আত্মীয় রেখে গেছেন। হাজারো মুসল্লির উপস্থিতিতে শুক্রবার (৬ সেপ্টেম্বর) বাদ জুম্মা তার জানাজার নামায অনুষ্ঠিত হয়। ওজন পার্কের মসজিদ আল আমান প্রাঙ্গনে অনুষ্ঠিত জানাজায় ইমামতি করেন মরহুমের বড় ছেলে ইমরান কবির। মরহুম চুন্নু মসজিদ আল আমানের দুই বারের নির্বাচন কমিশনার এবং ট্রাস্টি বোর্ডের উপদেষ্টা ছিলেন। পরদিন শনিবার সকাল সাড়ে নয়টায় তার মরদেহ লং আইল্যান্ড ওয়াশিংটন মেমোরিয়াল মুসলিম কবরস্থানে দাফন সম্পন্ন হয়।

# জুড়ী উপজেলা প্রবাসী বনভোজন অনুষ্ঠিত



**নিউইয়র্ক:** প্রবাসী জুড়ী উপজেলাবাসীদের বনভোজন ও মিলন মেলা গত ১ সেপ্টেম্বর রোববার নিউইয়র্কের এস্টোরিয়া পার্কে অনুষ্ঠিত হয়। এদিকে সকাল থেকে এ মিলনমেলায় মানুষের ঢল নামে এবং এতে মহিলাদের উপিস্থিতি ছিল লক্ষনীয় ও বিভিন্ন প্রকার খেলাধূলা আয়োজন করা হয়। বনভোজনের আহ্বায়ক আবুল খায়ের মজনুর সভাপতিত্বে ও সদস্য সচিব মোহাম্মদ নাছির উদ্দিন এর পরিচালনায় সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে তাকে সহযোগিতা করেন জালাল আহমেদ চৌধুরী।

*(শেষ পাতার পর)* সম্পর্কে তথ্য ও তাদের প্রশ্নের উত্তর দেবার জন্যই এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। ফ্রেমওয়ার্ক ফাইন্যান্সের চেয়ারম্যান নিউইয়র্কের সুপরিচিত ব্যক্তিত্ব রায়হান জামান এবং হিউস্টন থেকে আগত ফ্রেমওয়ার্ক ফাইন্যান্সের ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও ইঞ্জিনিয়ার আজাদুল হক তুলে ধরেন কিভাবে ফ্রেমওয়ার্ক ফাইন্যান্স কাজ করবে।

রায়হান জামান বলেন যে এখন থেকে আমেরিকার গ্রহণযোগ্য ক্রেডিট দিয়েই বাংলাদেশে ফ্লাট বা জমি কেনা যাবে ফ্রেমওয়ার্ক ফাইন্যান্সের মাধ্যমে। কোন কোন কাগজ লাগবে তা তিনি বর্ননা করেন। এই পদ্ধতিতে গ্রাহকের রেডিমেড ফ্লাটের ৭০ শতাংশ পর্যন্ত ঋণের ব্যবস্থাও ফ্রেমওয়ার্ক ফাইন্যান্স করবে। তারা বাংলাদেশের স্বনামধন্য কয়েকটি ব্যাংকের সাথে এ নিয়ে কাজ করছে এবং চুক্তি সম্পাদিত করেছে। তিনি বর্ননা করেন কিভাবে একজন গ্রাহক আমেরিকার যে কোন জায়গা থেকে অনায়াসে এই কাজগুলো সম্পন্ন করতে পারবেন।

ইঞ্জিনিয়ার আজাদুল হক জানান, প্রবাসীরা কিভাবে আইনসম্মতভাবে বাংলাদেশে বিনিয়োগ করতে পারেন। তিনি বিস্তারিত বর্ননা করেন ৫ (পাচ) রকম পদ্ধতি। তিনি বুঝিয়ে বলেন কোন পদ্ধতিতে বিনিয়োগ করলে সেই বিনিয়োগের মুনাফাসহ মূল অর্থ কিভাবে আইনসম্মতভাবে ফিরিয়ে আনা যায়। তিনি বলেন, রেমিট্যান্স মানে বিনিয়োগ নয়। অনেকে বাংলাদেশে রেমিট্যান্স পাঠিয়ে ফ্লাট কিনে বা তৈরি করে পরে তা বিক্রি করে অর্থ ফেরত আনতে চান। কিন্তু এটা আইনসিদ্ধ নয়। যদি কারো লক্ষ্য হয় যে সে তার বিনিয়োগকৃত মূলধন মুনাফাসহ ফিরিয়ে আনবে তাহলে সেটা রেমিট্যান্স পাঠিয়ে করা যাবে না। কিভাবে করা যাবে সেটাই ফ্রেমওয়ার্ক ফাইন্যান্স গ্রাহকদের বুঝিয়ে বলবে।

ফ্রেমওয়ার্ক ফাইন্যান্সের মূল লক্ষ হচ্ছে প্রবাসীদের বাংলাদেশে বিপুলভাবে বিনিয়োগ করতে উদবুদ্ধ করা, তাদের জন্য সহজভাবে বেশ কয়েকটি পদ্ধতির প্রচলন করা। গ্রাহক সিদ্ধান্ত নেবেন তিনি কি করতে চান।

ফ্রেমওয়ার্ক ফাইন্যান্স রুপায়ন গ্রুপ, ফোর্ট্রেস ডেভেলপমেন্টস লিমিটেড (এফ ডি এল) এবং বায়োবিল্ডের সাথে চুক্তি করেছে। এদের এককে জনের এককে রকমের ফ্লাট আছে যা গ্রাহকের চাহিদা অনুযায়ী পছন্দ করতে পারবেন। এর মধ্যে অন্যতম হচ্ছে রুপায়ন সিটি উত্তরার মনোরম স্কাই ভিলাসমুহ। অনুষ্ঠানটির সমাপ্তি ঘটে নৈশভোজ দিয়ে।

# ফোবানার নতুন নির্বাহী কমিটি ঘোষণা

*(শেষ পাতার পর)* প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ মাহবুব রেজা রহিম ও নির্বাচন কমিশনার ডিউক খানের পরিচালনায় অনলাইনে ইলেকট্রোনিক্স ভোটিংয়ে অত্যন্ত সুষ্ঠুভাবে ভোট গ্রহণ সম্পন্ন হয়েছে। পূর্ণ বিধিমালা অনুসরণ করে গণতান্ত্রিকভাবে নির্বাচন কার্য সম্পন্ন করা হয়েছে বলে উল্লেখ করেন নির্বাচন কমিশনারবৃন্দ।

ফেডারেশন অব বাংলাদেশি অ্যাসোসিয়েশনস ইন নর্থ আমেরিকা (ফোবানা)-এর ২০২৪-২৫ সালের জন্য নির্বাচিত কার্যনির্বাহী কমিটির অন্যান্য সদস্যরা হলেন-এম রহমান জহির (ফ্লোরিডা), এক্সিকিউটিভ সেক্রেটারি-আবীর আলমগীর (নিউ ইয়র্ক), জয়েন্ট এক্সিকিউটিভ সেক্রেটারী-খালেদ রউফ (শিকাগো), ট্রেজারার-ড. প্রিয়লাল কর্মকার (ভার্জিনিয়া),

আউটস্ট্যান্ডিং মেম্বার হিসেবে যারা নির্বাচিত হয়েছেন তারা হলেন-রোকসানা পারভিন (ভার্জিনিয়া), আবু রুমি (ভার্জিনিয়া), ডঃ আহসান চৌধুরী হিরো (অস্টিন, টেক্সাস), বাবুল হাই (অরল্যান্ডো, ফ্লোরিডা), জসিম উদ্দিন (আটলান্টা, জর্জিয়া), মকবুল আলী (শিকাগো), নুরুল আমিন নুরু (ভার্জিনিয়া) ও রবিউল করিম বেলাল (পেনসেলভেনিয়া)

নির্বাহী সদস্য হিসেবে নির্বাচিত হয়েছে যুক্তরাষ্ট্রের ১৬টি বাংলাদেশি সংগঠন। সংগঠনগুলো যথাক্রেমে- মাহবুব ভুঁইয়ার বাংলাধারা (আটলান্টা, জর্জিয়া), ড. জয়নুল আবেদীনের বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ক্যালিফোর্নিয়া (লস এঞ্জেলেস, ক্যালিফোর্নিয়া), শামসুদ্দোহা সাগরের বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব নর্থ টেক্সাস (ডালাস, টেক্সাস), ফরহাদ হোসেনের বাংলা গ্রুপ ডালাস (ডালাস, টেক্সাস), শফিকুল ইসলামের বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব আমেরিকা (মেট্রো ওয়াশিংটন ডিসি), রেহান রেজার বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব গ্রেটার ক্যানসাস সিটি (ক্যানসাস), মোহাম্মদ কাজলের মেরিল্যান্ড ফ্রেন্ডস এন্ড ফ্যামিলী (মেরিল্যান্ড), আসিফ ইকবালের বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব মিসৌরি (মিসৌরি), আজমল খানের বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব হিউস্টন (হিউস্টন টেক্সাস), মোহাম্মদ আলী মানিকের বাংলাদেশ ফাউন্ডেশন অব জর্জিয়া (আটলান্টা জর্জিয়া), আখতার হোসেনের ফ্রেন্ডস এন্ড ফ্যামিলী ডিএমভি (ভার্জিনিয়া), নাদিম ভুঁইয়া অপু'র ফ্রেন্ডস এন্ড ফ্যামিলী হিউস্টন (হিউস্টন টেক্সাস), শফিকুল ইসলাম জুয়েলের বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফ্লোরিডা ইনক (ফ্লোরিডা), কাজী নাহিদের ইউএস বাংলা অ্যাসোসিয়েশন অব জর্জিয়া (আটলান্টা জর্জিয়া), মহিন উদ্দিন দুলালের বেঙ্গলি বয়েজ কালচারাল অ্যাসোসিয়েশন অব জর্জিয়া (আটলান্টা জর্জিয়া) ও শামসুদ্দিন মাহমুদের বাংলাদেশ আমেরিকান আইটি পিপলস অর্গানাইজেশন (ভার্জিনিয়া)।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ডাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)

আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.
( Operate by JH office)

Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please Scan & Visit us!
৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।
প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান
বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩
যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান
আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw, Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে (জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

# প্রসঙ্গ: জাতীয় সঙ্গীত পরিবর্তন-

*(শেষ পাতার পর)* আওয়ামী লীগ নেতৃত্ব পরে তা মেনে নিয়েছে। পাকিস্তান আমলে এ দেশে রবীন্দ্র সঙ্গীত খুব বেশী গাওয়া হতো না। ফলে এই গানটা খুব একটা পরিচিত ছিল না। '৭০ সালে চলচ্চিত্রকার জহির রায়হান তার কালজয়ী সিনেমা 'জীবন থেকে নেয়া'তে ব্যবহার করলে সাধারন্যে ব্যপক পরিচিতি পায়। কথা দেশাত্মবোধক মমতাজড়ানো সুর, তাছাড়া তাড়াহুরোর কারনে হয়তো সে সময়ের ছাত্র নেতারা এই গানের প্রেক্ষিত বা উদ্দেশ্য নিয়ে খোঁজখবর নেওয়ার সময় পান নাই। সামনে এনেছেন, মানুষ গ্রহন করেছে। মুক্তিযুদ্ধে এই গান ছিল আমাদের অন্যতম প্রেরণার উৎস্য। এটাই এ দেশের জাতীয় সঙ্গীত।

এখন এ গানের প্রেক্ষিত সম্পর্কে মানুষের জানার আগ্রহ থাকতেই পারে, এটা কোন দোষের কিছু না। আমরা একটু দেখে আসতে পারি কোন প্রেক্ষিতে কবি গানটি রচনা করেছিলেন। এর জন্য আমাদেরকে একটু পেছনে যেতে হবে।

১৬৯৮ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানী সুতানটি কলকাতা গোবিন্দপুর নামের তিন গ্রামের জমিদারি ইজারা নিয়ে বাংলায় ব্যবসা শুরু করে উনষাট বছরে সারা বাংলায় এমন প্রভাব বিস্তার করে, এক পর্যায়ে মুর্শিদাবাদের নবাবী প্রাসাদে ঢুকে প্রাসাদ ষড়যন্ত্রের কলকাঠি নাড়তেও সক্ষম হয় এবং ১৭৫৭-এর ২৩শে জুন নবাব সিরাজকে পরাস্ত করে বাংলার মসনদের কার্যকরি মালিক হয়ে যায়। এরপর পুতুল নবাবদের মাধ্যমে এই কোম্পানী একের পরে এক এলাকা অধিগ্রহন করে চলে। এই বিশাল এলাকার নামকরন করা হয় 'বেঙ্গল ফোর্ট উইলিয়াম প্রেসিডেন্সি।' ১৮৫২ সালে এর আয়তন দাঁড়ায় ২ লাখ ৪৬ হাজার ৭৮৬ বর্গ মাইল। পুর্ব থেকে পশ্চিম সীমানার দুরত্ব প্রায় ৮০০ মাইল।

এই বিশাল এলাকা শাসন করতে ইংরেজ সরকারকে হিমশিম অবস্থায় পড়তে হচ্ছিলো। এ প্রেক্ষিতে শাষন কাজের সুবিধার্থে তাদেরকে বেঙ্গল প্রেসিডেন্সি ভেঙে পূর্ববঙ্গ ও আসাম প্রদেশের সমন্বয়ে একটি পৃথক নতুন প্রশাসনিক ইউনিট গঠনের সিদ্ধান্ত নিতে হয়। এছাড়াও কিছু আর্থ সামাজিক অবস্থা তাদের বিবেচনায় ছিলো। অনুন্নত এলাকার উন্নয়ন বিশেষ করে পূর্ববঙ্গের অবহেলিত জনগোষ্ঠীর ভাগ্যের কিছুটা পরিবর্ত্তনও এই পরিকল্পনার লক্ষ্য ছিলো বলে ঐতিহাসিকরা উল্লেখ করেছেন । এ প্রসঙ্গে বিমলানন্দ শাসমল তার 'ভারত কি করে ভাগ হলো' বইতে লিখেছেন: 'ইংরেজি শিক্ষা ও সভ্যতার সংস্পর্শে হিন্দুরা যেভাবে সামাজিক অগ্রগতির পথে এগিয়ে চলেছিলেন, ইংরেজি শিক্ষার বিরোধীতা করার জন্য মুসলমান ঠিক সেইভাবে পিছিয়ে পড়ছিলেন। হিন্দু ও মুসলমানের শিক্ষা ও সংস্কৃতিগত এই বিরাট পার্থক্যটি যতদুর সম্ভব দুর না করতে পারলে, এদের মধ্যে প্রতিনিয়ত সংঘর্ষ অনিবার্য ছিলো এবং সেটাই ভারতবর্ষের জন্য একটি সুষ্ঠু ও সম্মিলিত রাষ্ট্রব্যবস্থার প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছিলো। বিশেষ করে পূর্ব ভারতের বিভিন্ন অঞ্চলে এই ঘটনার তীব্রতা অনুভুত হয়েছিলো সবচেয়ে বেশী। লর্ড কার্জন সেটা বুঝতে পেরে বাংলা প্রদেশকে দু'টি ভাগে ভাগ করবার ব্যবস্থা করলেন। তখন বাংলা বিহার উড়িষ্যা একটি প্রদেশ ছিলো। তিনি পশ্চিম বাংলা, বিহার-উড়িষ্যা এবং পূর্ব বাংলার আসামের অংশবিশেষ নিয়ে দু'টি প্রদেশ সৃষ্টি করলেন এবং এইভাবে মুসলমানপ্রধান পূর্ব বাংলার বিভিন্ন অঞ্চলে মুসলমানদের শিক্ষা-সংস্কৃতির পূর্ণ বিকাশের ক্ষেত্র তৈরী করে দিলেন।.... কিন্তু বঙ্গ-ভঙ্গ প্রস্তাব সারা দেশের হিন্দু সমাজকে আলোড়িত করে তুললো। এই আন্দোলন বাংলা থেকে শুরু হয়ে ক্রমে সমস্ত ভারতবর্ষে ছড়িয়ে পড়েছিলো।' (বিমলানন্দ শাসমল : ভারত কী করে ভাগ হলো, হিন্দুস্তান বুক সার্ভিস, কলকাতা, ১৯৯১, পৃষ্ঠা ১৮-১৯)।

নতুন প্রদেশ গঠনের এই প্রস্তাবনা প্রকাশের সঙ্গেসঙ্গে ওই দিনই ঢাকায় এক শ্রেণীর অধিবাসী বাকল্যান্ড বাঁধের ওপর 'জন সাধারন সভা' নাম দিয়ে একটি প্রতিবাদ সভা করে। একই সাথে কোলকাতাকেন্দ্রিক কায়েমী স্বার্থবাদী গোষ্ঠীটি এ প্রস্তাবের বিরোধীতায় নেমে পরে। ১৯০৪ সালের ১১ জানুয়ারি ঢাকায় নবাব সলিমুল্লাহর উদ্যোগে অনুষ্ঠিত একটি মতবিনিময় সভায় নতুন প্রদেশ গঠনের প্রস্তাবকে স্বাগত জানানো হয়। ও□দি□কে বঙ্গ-ভঙ্গ রদ আন্দোলনে সাধারন মানুষকে সম্পৃক্ত করতে ধর্মীয় সেন্টিমেন্ট ব্যবহার করা হতে থা□কে। 'ভারত মাতার অঙ্গচ্ছেদ' বলে মানুষের ধর্মীয় অনুভূতিতে খোঁচা দেওয়া হয়।

নতুন প্রদেশের বিরুদ্ধবাদীদের সম্পর্কে ড: অরবিন্দ পোদ্দার লিখেছেন: 'বিচিত্র উপাদান এবং নানাবিধ বৈষয়িক স্বার্থ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে গতি সঞ্চার করে।...... জমিদার শ্রেণী- যাদের পুরাতন এবং নতুন উভয় প্রদেশেই জমিদারি ছিল- এই ভাবনায় চিন্তামগ্ন হয়ে পড়েছিলেন যে রাজস্বের চিরস্থায়ী বন্দোবস্তের ব্যবস্থায় তাঁরা এ পর্যন্ত যেভাবে লাভবান হয়ে আসছিলেন বাঙলা বিভাগের ফলে তাঁদের আর্থিক ক্ষতির প্রবল আশংকা। কারন, আসামে সাময়িক ভিত্তিতে রাজস্ব নির্ধারিত হতো এবং ত্রিশ বছর মেয়াদে এর পুনর্বিন্যাস করার ব্যবস্থা প্রচলিত ছিল। সুতরাং আসামের সঙ্গে পূর্ববাংলা সংযুক্ত হলে পূর্ব বাংলার জমিদারদের রাজস্বখাতে আয় হ্রাস নিশ্চিত। তার উপর বাংলা বিভক্ত হলে ইংরেজী শিক্ষিত হিন্দু বুদ্ধিজীবিদের চাকুরীর সম্ভাবনা ও পরিধি সংকুচিত হবে, এইরূপ বাস্তব আশংকায়ও অনেকেই বিচলিত ছিলেন। এ আশংকা অমূলক ছিল না। কারন আইন ব্যবসায়, সরকারী চাকুরী, শিক্ষাক্ষেত্র ইত্যাদী ইতিমধ্যেই জনাকীর্ন হয়ে উঠেছিল। ...... সুতরাং বেকারীর ভয় বাস্তব।' (রবীন্দ্রনাথ-রাজনৈতিক ব্যক্তিত্ব, পৃষ্ঠা ১২১-১২৩, উচ্চারণ, কলকাতা, ১৯৮২)।

ঐতিহাসিক বি বি মিশ্র তার 'দি ইন্ডিয়ান মিড্ল ক্লাশ' বইতে লিখেছেন: '.....এই বিভাগের ফলে শিক্ষিত সম্প্রদায়ের দারুণ ক্ষতি হলো এবং তারা প্রায় সবাই বর্ণহিন্দু। তাদের স্বার্থভোগের ক্ষেত্রভূমি বিভাগের ফলে আরও সংকুচিত হয়ে গেল; বিশেষত তখন বিধানসভাগুলির সম্প্রসারনের বিষয়ে আলোচনা চলছিল। তারা স্বাভাবিকভাবেই ভীতচক্ষে দেখলো, উভয় বাংলার বিধান সভায় তারা একেবারেই সংখ্যালঘু হয়ে যাচ্ছে- পূর্ব বাংলায় অসমীয়া ও মুসলমানদের দ্বারা এবং পশ্চিম বাংলায় বিহারী ও উড়িয়াদের দ্বারা- এজন্য তারা ক্রোধে পাগল হয়ে উঠলো।' বর্ণহিন্দু রাজনীতিক, জমিদার শ্রেণী এবং কায়েমী স্বার্থবাদীদের সংগঠন ভারতীয় জাতীয় কংগ্রেস গোড়া থেকেই বাংলা ভাগ পরিকল্পনার বিরোধীতায় নামে। কংগ্রেসের এককালীন সভাপতি ময়মনসিংহের আনন্দমোহন বসু নতুন প্রদেশ বানচালের প্রকাশ্য ঘোষনা দেন। এ সময় কংগ্রেস নেতা সুরেন্দ্রনাথ বানার্জীর নেতৃত্বে বিভিন্ন স্থানে নতুন প্রদেশ বিরোধী আন্দোলন ছড়িয়ে পরে। ৬ই জুলাই বঙ্গীয় ব্যবস্থাপক সভায় ভূপেন্দ্রনাথ বসু নতুন প্রদেশ গঠনের বিরুদ্ধে প্রতিবাদ জানান। সুরেন্দ্রনাথ ব্যনার্জী সম্পাদিত 'বেঙ্গলী' পত্রিকায় বঙ্গভঙ্গকে 'একটি গুরুতর জাতীয় বিপর্যয়রূপে চিহ্নিত করা হয়। একই গোষ্ঠীর 'হিতবাদী' পত্রিকা লেখে: 'গত ১৫০ বছরের মধ্যে বাঙালী জাতি এই রকম দুর্দিনের সম্মুখীন হয়নি।'

কলকাতার প্রখ্যাত অর্থনীতিবিদ ও কলামিষ্ট পশ্চিমবঙ্গের সাবেক অর্থমন্ত্রী অশোক মিত্র এক প্রবন্ধে লিখেছেন: 'কার্জনের বাংলাভাগের এই ঘোষণায় শোরগোল শুরু হলো। সুরেন্দ্রনাথ ব্যানার্জীর নেতৃত্বে বাঙালী রাজনীতিবিদরা বাংলাভাগের 'সেটেল্ড ফ্যাক্ট'কে 'আন সেটেল্ড' করার জন্য শপথ করলেন, 'ওই ঘোষণাকে তারা বানচাল করবেনই।' এই রাজনীতিবিদদের সাথে যোগ দিলেন জমিদাররা। তাদের ভয় ছিল, নতুন প্রদেশে জমির ওপর তাদের অবাধ অধিকার বা মালিকানা স্বত্বের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে। বঙ্গভঙ্গের প্রতিবাদ আন্দোলনকে ঔজ্জল্য দিয়ে প্রভাববিশিষ্ট করে তুলছিলো এর আবেগপ্রবণ দিক। এমন প্রচারণা চলে যে, মাতৃহত্যার প্রতিবাদ জানাতে বাঙালিদের আমন্ত্রন জানানো হচ্ছে। বিশাল এক সাহিত্য-বন্যা শুরু হয়। এর মধ্যে ছিল স্বয়ং রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত ডজনখানেক দেশাত্ববোধক কবিতা ও স্ত্রোত্র।' (অশোক মিত্র : বঙ্গভঙ্গ রদ:বাঙালী হিন্দুর গর্বকথা, না সর্বনাশের পাঁচালী?)।

ধীরেধীরে 'বঙ্গভঙ্গ রদ' আন্দোলন তীব্র হতে থাকে। 'আধুনিক ভারত' প্রথম খন্ডে প্রণবকুমার চট্টোপাধ্যায় লিখেছেন: '১৯০৩ সালের ডিসেম্বর থেকে ১৯০৫ সালের অক্টোবর পর্যন্ত অন্তত: তিন হাজার জনসভায় নতুন প্রদেশের বিরুদ্ধে প্রতিবাদ জানানো হয়। এসব সভা আয়োজনে ছাত্রদের ভূমিকা ছিলো বিশেষভাবে উল্লেখযোগ্য।' এতসব প্রতিবাদ সত্বেও ১৯০৫ সালের ১০ই জুলাই ভারতসচিব ব্রডারিক ঢাকাকে রাজধানী করে পূর্ব বাংলা ও আসাম প্রদেশ সমন্বয়ে একটি নতুন প্রদেশ গঠনের প্রস্তাব অনুমোদন করেন। প্রতিবাদে ৭ আগষ্ট কলকাতা টাউন হলে কাশিমবাজারের জমিদার মহেন্দ্রচন্দ্র নন্দীর সভাপতিত্বে কলকাতার নেতৃস্থানীয় বুদ্ধিজীবিদের এক সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতি তার বক্তৃতায় বলেন: 'নতুন প্রদেশে মুসলমানদের প্রাধান্য স্থাপিত হবে। বাঙালী হিন্দুগন সংখ্যালঘিষ্টে পরিনত হবে। আমাদেরকে নিজেদের দেশে আগন্তুকের মত থাকতে হবে। আমাদের জাতির ভাগ্যে যে কি কি হবে তা চিন্তা করে আতঙ্কিত হয়ে পড়ছি।'

এই সমস্ত বুদ্ধিজীবির অন্যতম ছিলেন কবি রবীন্দ্রনাথ ঠাকুর। তাদের পারিবারিক জমিদারী ছিলো পূর্ববঙ্গে। নতুন প্রদেশ গঠনের ফলে জমিদারীর আয় সংকুচিত হবার আশংকা তারও দেখা দেয়। ফলে তিনিও নতুন প্রদেশ ঠেকানোর আন্দোলনে শরীক হন। সে আন্দোলনকে বেগবান করতে এবং আন্দোলনকারীদেরকে উৎসাহ যোগাতেই লেখেন 'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি।' এই গানটি প্রথমবার গাওয়া হয় ১৯০৫ সালের ৭ই আগষ্ট কলকাতার টাউন হলে আয়োজিত জনসভায়। কবি এ সময় এ ধরনের বেশ কয়েকটি জনসভায় সভাপতিত্ব করেন এবং এ জাতীয় বেশ কয়েকটি সঙ্গীত রচনা করেন।

১লা সেপ্টেম্বর নতুন প্রদেশ গঠনের সরকারি ঘোষণা প্রকাশিত হয়। কবি রবীন্দ্রনাথ ঠাকুরের আহ্বানে ১৬ই অক্টোবরকে 'রাখীবন্ধন দিবস' হিসেবে পালনের সিদ্ধান্ত হয়। বলা হয় সরকার বঙ্গভঙ্গ রদ না করা পর্যন্ত প্রতি বছর এইদিনে 'রাখীবন্ধন দিবস' পালন করা হবে। রাষ্ট্রবিজ্ঞানী অধ্যাপক সরল চট্টোপাধ্যায় 'ভারতের স্বাধীনতা সংগ্রামের ক্রমবিকাশ' গ্রন্থে লিখেছেন: '১৬ই অক্টোবর রাখীবন্ধন দিবসে রবীন্দ্রনাথ ঠাকুরের নেতৃত্বে শোভাযাত্রা শুরু হয় এবং পথের দু'ধারে সবার হাতে রাখী পড়িয়ে দেয়া হয়। রাখীবন্ধন উৎসব বাংলাভাগ বিরোধী রাজনৈতিক উৎসবে পরিনত হয়। এ প্রসঙ্গে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের 'চরমপত্র' খ্যাত সাংবাদিক এম আর আখতার মুকুল লিখেছেন: '১৬ই অক্টোবর এদের কর্মর্সূচীর মধ্যে ছিলো ধর্মঘট, গঙ্গাস্নান এবং রাখিবন্ধন। বাস্তব তথ্যের ভিত্তিতে উল্লেখ করতে হয় যে, এদিন কলকাতায় যে শোভাযাত্রা হয়েছিলো অন্যদের মধ্যে রবীন্দ্রনাথও তার পুরোভাগে ছিলেন এবং তিনি অসংখ্য পথচারীর হাতে রাখি বেঁধে দিয়েছিলেন। অপরাহ্নে রোগ জর্জরিত আনন্দমোহন বসু 'মিলন মন্দিরের' ভিত্তিপ্রস্তর স্থাপনের জন্য ইংরেজীতে যে ভাষণ লিখে এনেছিলেন তা পড়ে শুনালেন আশুতোষ চৌধূরী এবং বাংলায় অনুবাদ করে পাঠ করেছিলেন 'বঙ্গদর্শন' পত্রিকার সেই আমলের সম্পাদক কবি রবীন্দ্রনাথ ঠাকুর। বিকেলের জনসভায় ঘোষিত শপথ বাক্যের বাংলায় তর্জমা করেও পাঠ করেছিলেন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর।' (কলকাতাকেন্দ্রিক বুদ্ধিজীবি, পৃষ্ঠা ২১৩)। এই রাখীবন্ধন আয়োজনের এক পর্যায়ে কবিগুরু গঙ্গাস্নানের পূর্বে প্রার্থনাসঙ্গীত হিসেবে গেয়েছিলেন 'বাংলার মাটি বাংলার জল, বাংলার হাওয়া বাংলার ফল, পূণ্য হউক, পূণ্য হউক হে ভগবান' গানটি। বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনে অংশগ্রহনকারি জমিদারদের মধ্যে আরও ছিলেন ফরিদপুরের অম্বিকাচরন মজুমদার, আনন্দচন্দ্র রায়, ময়মনসিংহের অনাথবন্ধু গুহ, বর্ধমানের রাসবিহারী ঘোষ, নরেন্দ্রনাথ সেন, বরিশালের অশ্বিনী কুমার দত্ত, সিলেটের বিপিনচন্দ্র পাল, কলকাতার অরবিন্দ ঘোষ, আনন্দমোহন বসু, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, কৃষ্ণকুমার মিত্র প্রমূখ।

শেষ পর্যন্ত কায়েমী স্বার্থবাদীদের সে আন্দোলন সফল হয়েছিল। ১৯১১ সালের ১২ই ডিসেম্বর কেন্দ্রিয় রাজ্যাভিষেক উপলক্ষ্যে দিল্লীতে অনুষ্ঠিত দরবারে যোগ দেন ইংল্যান্ডের রাজা পঞ্চম জর্জ ও রানী মেরী। বিপুল জৌলুষ ও প্রবল আড়ম্বরের সাথে অনুষ্ঠিত হয় এ দরবার। কবি রবীন্দ্রনাথ ঠাকুর রাজা ও রানীকে মহিমাম্বিত করে একটি বন্দনাগীতি রচনা করেন। 'জনগন মন অধিনায়ক ভারত ভাগ্য বিধাতা' (ভারতের বর্তমান জাতীয় সঙ্গীত)। এই গানটি প্রথমবারের মতো পরিবেশন করা হয় এ অনুষ্ঠানে। এই অনুষ্ঠানেই রাজা পঞ্চম জর্জ বিনামেঘে বজ্রপাতের মতো বঙ্গভঙ্গ রদ ঘোষণা করেন। রাজার এ ঘোষনার মধ্য দিয়ে অবলুপ্ত হয়ে যায় পূর্ববঙ্গ ও আসাম প্রদেশ। পুরো এলাকা আবার কোলকাতাকেন্দ্রিক কায়েমী স্বার্থবাদীদের করতলগত হয়। মাত্র ছয় বছর নিজের মতো করে চলার পর তা আবার একত্রিত হয় বেঙ্গল প্রেসিডেন্সির সঙ্গে। রাজা এ অনুষ্ঠানেই বৃটিশ ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লীতে স্থানান্তরের ঘোষনা দেন।

এই হচ্ছে আমাদের জাতীয় সঙ্গীত 'আমার সোনার বাংলা'র পটভূমি বা ইতিহাস। সেদিন যে বঙ্গভঙ্গ রদ আন্দোলন করে পূর্ব বাংলা প্রদেশকে বৃহত্তর বাংলায় ফিরিয়ে আনা হয়েছিল '৪৭এ সেই বাংলাকে ভাগ করে আবার পূর্ব বাংলা গঠন করে দিয়েছিল সেই একই কায়েমী স্বার্থবাদী গোষ্ঠী। '৭১এ আবার এই পূর্ব বাংলাই স্বাধীন বাংলাদেশ হয়। একটি দেশের জাতীয় সঙ্গীত মানুষের আবেগ অনুভূতি দ্বারা মথিত হয়। আমরা যারা এই গান গেয়ে যুদ্ধ করেছি, দেশ স্বাধীন করেছি আমাদের অনুভুতির সাথে মিশে আছে এই গান। আমাদের দ্বারা এর পরিবর্তন দু:সাধ্য। আবার এটাও সত্যি জাতীয় সঙ্গীত কোন বেদবাক্য বা ঐশীবাণী নয় যে তা বদলানো যাবে না। পৃথিবীর বিভিন্ন দেশে এমন পরিবর্তনের নজীর আছে। আমাদের কোন এক প্রজন্ম যদি মনে করে তারা যুগের সাথে সামঞ্জস্য বিধান করবে, বৃহত্তর গনমানুষের আশা আকাংখার প্রতিফলন ঘটাবে, সেখানে আমাদের কিছু বলার থাকবে না। কারন হয়তো আমরা তখন কেউ থাকবোই না। আমাদের জীবদ্দশায় চাই না এ নিয়ে বিবাদ বিসম্বাদ হোক, বিভেদ হোক অনৈক্য হোক।

বি:দ্র: লেখার বেশ কিছু অংশ আমার লেখা 'বাংলা কেন '৪৭য়েই স্বাধীন হলো না' বই থেকে সংকলিত।

## লেখিকা ভায়লা সালিনা লিজা'র মায়ের ইন্তেকাল

*(শেষ পাতার পর)* জ্যামাইকা মুসলিম সেন্টারে মরহুমার নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। এতে বিপুল সংখ্যক প্রবাসী অংশ নেন। এরপর তার মরদেহ লং আইল্যান্ডের ওয়াশিংটন মেমোরিয়াল মুসলিম কবরস্থানে দাফন করা হয়।

লেখিক ভায়লা সালিনা লিজা'র মায়ের ইন্তেকালে বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের, সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহিম চৌধুরী, লেখিতা ও সাংবাদিক মনিজা রহমান সহ অনেকেই গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন।






# ড. ইউনূসের কাছে প্রবাসীদের দাবী ও প্রত্যাশা

*(প্রথম পাতার পর)* সূত্রে এসব তথ্য জানা গেছে।

বাংলাদেশের সরকার প্রধান হিসেবে নোবেল পুরস্কার বিজয়ী প্রফেসর ইউনূসের জাতিসংঘে এটি হবে তার প্রথম যোগদান। এজন্য প্রফেসর ইউনূসের নিউইয়র্ক সফর বেশ গুরুত্বপূর্ণ এবং জাতিসংঘে তার ভাষণের প্রতি বিশ্ব নেতৃবৃন্দের আগ্রহ থাকবে বলে বিশেষজ্ঞমহল অভিমত ব্যক্ত করেছেন। সূত্র মতে, জাতিসংঘের অধিবেশনে যোগদানের সময় প্রফেসর ইউনূসের সাথে ছোট পরিসরের সফর সঙ্গী থাকবে। নিতান্তই যে সকল সরকারী কর্মকর্তার কাজ রয়েছে শুধু তারাই তার এবারের সফর সঙ্গী হচ্ছেন। উল্লেখ্য, আগামী ১০ সেপ্টেম্বর থেকে শুরু হচ্ছে এবারের ৭৯তম সাধারণ অধিবেশন। অধিবেশন চলবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। এরমধ্যে হাই লেভেল জেনারেল ডিবেট চলবে ২৪ সেপ্টেম্বর থেকে ২৮ সেপ্টেম্বর।

### ড. ইউনূসের সফরসঙ্গী মাত্র ৭জন

জাতিসংঘের ৭৯তম সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কে যোগদানের সময় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস-এর সাথে সফর সঙ্গী থাকবেন ৭ সদস্যের প্রতিনিধি দল। আগামী ২২-২৭ সেপ্টেম্বর পর্যন্ত এ সফর করবেন তিনি। ঢাকায় পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন। সাত সদস্যের প্রতিনিধি দলের মধ্যে রয়েছেন- ড. ইউনূসের মেয়ে দিনা আফরোজ ইউনূস, এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক লামিয়া মোরশেদ, অন্তর্বর্তী সরকারের গঠিত বাংলাদেশের বিদ্যমান অর্থনৈতিক অবস্থার শ্বেতপত্র প্রণয়ন কমিটির প্রধান দেবপ্রিয় ভট্টাচার্য, দৃকের ব্যবস্থাপনা পরিচালক শহিদুল আলম, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম, প্রধান উপদেষ্টার একান্ত সচিব শাব্বীর আহমদ, বেসরকারি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আয়েশা সিদ্দিকা তিথি।

### নাগরিক সংবর্ধনা ও প্রবাসীদের প্রত্যাশা

বাংলাদেশের সরকার প্রধান হিসেবে প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস-এর প্রথমবারের মতো জাতিসংঘ সফর উপলক্ষ্যে প্রবাসী বাংলাদেশীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে। একমাত্র বাংলাদেশী নোবেল শান্তি পুরস্কার বিজয়ী এবং দেশের সরকার প্রধান হিসেবে ড. ইউনূসের নিউয়র্ক আগমনের পর বাংলাদেশ সোসাইটি তাঁকে নাগরিক সংবর্ধনা দিতে চাচ্ছে। এজন্য সোসাইটির পক্ষ থেকে সাংবাদিক সম্মেলন করা হয়েছে। এছাড়াও জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, ওয়াশিংটনস্থ বংলাদেশ দূতাবাস ও নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট অফিস-এর সমন্বয়ে ড. ইউনূসের সংবর্ধনার আয়োজন চলছে বলে জানা গেছে। অপরদিকে প্রবাসী বাংলাদেশীদের পক্ষ থেকে তাঁকে সংবর্ধনা দেয়ার প্রস্তুতি চলছে। এজন্য একাধিক মতবিনিময় সভা হয়েছে। শনিবার সন্ধ্যায় প্রবাসী নাগরিক সমাজের ব্যানারে সিটির জ্যাকসন হাইটসে এক সভায় অনুষ্ঠিত হয়েছে। এসব সভা থেকে সংবর্ধনার পাশাপাশি মতবিনিময়ের কথাও আলোচিত হচ্ছে। আলোচিত হচ্ছে প্রবাসীদের নানা সমস্যা ও বিভিন্ন দাবী-দাওয়া নিয়েও, যা ড. ইউনূস সরকারের কাছে সমাধান চান প্রবাসী বাংলাদেশীরা। প্রবাসীদের দাবী-দাওয়ার মধ্যে রয়েছে: নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক’ রুটে পুনরায় বিমান চালু, প্রবাসীদের ভোটাধিকার, কনস্যুলেট অফিস থেকেই ভোটার আইডি কার্ড প্রদান ও পাসপোর্ট নবায়ন, দেশের বিমানবন্দরগুলোতে প্রবাসীদের হয়রানী বন্ধ, প্রবাসীদের জানমালের নিরাপত্তা, দেশে বিনিয়োগের সহজ সুযোগ ও নিরাপত্তা প্রভৃতি।

### বাংলাদেশ সোসাইটির সংবাদ সম্মেলন

এদিকে ড. ইউনূসের নিউইয়র্ক সফরকালীন সময়ে যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের ‘মাদার সংগঠন’ হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটি, নিউইয়র্ক একটি অরাজনৈতিক সংগঠন হিসেবে ড. ইউনূসকে নাগরিক সংবর্ধনা দিতে চায়। সোসাইটির দাবী ড. ইউনূস একজন বিশ্ব বরণ্যে সম্মানীত এবং নিরপেক্ষ ব্যক্তি। তাই প্রবাসীদের পক্ষ থেকে তাকে সংবর্ধিত করার দাবীদার বাংলাদেশ সোসাইটি। এজন্য সোসাইটির সকল প্রস্তুতি রয়েছে বলেও সংগঠনের কর্মকর্তারা দাবী করেছেন। শনিবার (৭ সেপ্টেম্বর) সন্ধ্যায় সিটির এলমহার্মস্টস্থ সোসাইটির নিজস্ব অফিসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ এসব কথা বলেন।


নিউইয়র্ক ভিত্তিক বার্তা সংস্থা ইউএনএ জানায়, সংবাদ সম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী। এরপর সভাপতি মোহাম্মদ রব মিয়া লিখিত বক্তব্যে বিস্তারিত তুলে ধরেন। এসময় সোসাইটির সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহীম হাওলাদার সহ সোসাইটির অন্যান্য কর্মকর্তাদের মধ্যে সহ সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম চৌধুরী, কোষাধ্যক্ষ নওশেদ হোসেন এবং প্রচার ও জনসংযোগ সম্পাদক রিজু মোহাম্মদ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে সোসাইটির সভাপতি মোহাম্মদ আব্দুর রব মিয়া লিখিত বক্তব্যে বলেন, প্রতি বছরই সেপ্টেম্বর মাসে জাতিসংঘের সাধারণ অধিবেশনে বাংলাদেশের সরকার প্রধান যোগ দেন। অন্যান্য বছরগুলোতে রাজনৈতিক সরকার থাকায় সরকার প্রধানের যুক্তরাষ্ট্র সফরকালে সংশ্লিষ্ট দলের মাধ্যমেই তাদের সফর সংক্রান্ত সব আয়োজন করা হয়। এমনকি সংবর্ধনার আয়োজনও করা হয় দলীয়ভাবে। এতে বিপুল সংখ্যক সাধারণ প্রবাসী তাদের দাবি-দাওয়া ও মনের কথা সরকার প্রধানের সামনে বলার সুযোগ কখনোই পান না। রাজনৈতিক দলের প্রবাসী নেতা-কর্মীরা তাদের রাজনৈতিক এজেন্ডা বাস্তবায়ন করতে ব্যাস্ত থাকায় প্রবাসীদের সাধারণ সমস্যা ও সম্ভাবনার কথাগুলো সরকার প্রধান জানতেই পারেন না, ফলে সেগুলোর সমাধানও বছরের পর বছর হয়নি।

আব্দুর রব মিয়া বলেন, বর্তমানে পরিবর্তিত একটি পরিস্থিতিতে বাংলাদেশে অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়েছে। এই সরকার ছাত্র-জনতার দাবি অনুযায়ী- রাষ্ট্র সংস্কারের কাজে হাত দিয়েছে। সেই সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা, বিশ্ব বরেণ্য ব্যক্তিত্ব নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস আগামী ২২-২৭ *(বাকি অংশ ২২ এর পাতায়)*













# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



**Call Today:**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

| Corporate Office | Jamaica Office | Long Island Office | Bronx Office | Ozone Park Office | Buffalo Office |
|---|---|---|---|---|---|
| 37-05 74st, 2nd Fl | 87-54 168th Street, 2nd Fl | 1 Blacksmith Lane | 2148 Starling Ave. | 175 B Forbell Street | 859 Fillmore Ave |
| Jackson Heights, NY 11372 | Jamaica, NY 11432 | Dix Hill, NY 11731 | Bronx, NY 10462 | Brooklyn, NY 11208 | Buffalo, NY 14212 |
| 917-744-7308, 718-457-0813 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 |

# নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের বনভোজন ও মিলনমেলা অনুষ্ঠিত

## দেশের বন্যার্তদের জন্য ১৫০০ ডলার সংগ্রহ






**নিউইয়র্ক:** ব্যস্ত প্রবাসী জীবনের ক্লান্তিময় সময়ে একটি দিন আনন্দময় করতে আর একে অপরের মধ্যকার সৌহার্দ্য-সম্প্রীতি জোরদারের লক্ষ্যে নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র বনভোজন-২০২৪ ও মিলনমেলা অনুষ্ঠিত হয়েছে। গত ২৫ আগষ্ট রোববার লং আইল্যান্ডের গাছ-গাছালী আর প্রাকৃতিক সৌন্দর্য্যে ঘেরা ভ্যালী স্ট্রীম ষ্টেট পার্কে দিনব্যাপী আয়োজিত এই অনুষ্ঠানে দেশের উত্তরবঙ্গের ৪ শতাধিক প্রবাসী বাংলাদেশী অংশ নেন বলে আয়োজকরা জানিয়েছেন। উৎসবমুখর পরিবেশে প্রবাসীরা সপরিবারে এতে অংশ নেয়ায় বনভোজন অনুষ্ঠান মিলনমেলায় পরিণত হয়। উল্লেখ্য, দেশের উত্তর বঙ্গের ১৬টি জেলার সমন্বয়ে গঠিত নর্থ বেঙ্গল ফাউন্ডেশন (এনবিএফ)। বনভোজন অনুষ্ঠানে দেশের বন্যার্তদের সাহাযার্থ্যে তাৎক্ষনিকভাবে ১,৫০০ ডলার সংগৃহীত হয়।

এনবিএফ'র সভাপতি ডা. চৌধুরী সারোয়ারুল হাসান, সাবেক সভাপতি ডা. আব্দুল লতিফ, উপদেষ্টা নাসির আলী খান পল, সিনিয়র সহ সভাপতি মিজানুল হাসান, সাধারণ সম্পাদক মোজাফফর হোসেন এবং বনভোজন আয়োজক কমিটির আহবায়ক মোহাম্মদ আবু তাহের, প্রধান সমন্বয়ারী মোহাম্মদ রাকিবুজ্জামান খান তনু ও সদস্য সচিব মোহাম্মদ শফিউল আলম সহ সংগঠনের অন্যান্য কর্মকর্তারা বনভোজনে আগত প্রবাসীদের স্বাগত জানান। বনভোজন অনুষ্ঠানের কর্মকান্ডের মধ্যে ছিলো শুভেচ্ছা বিনিময়, আড্ডা, ক্রীড়া প্রতিযোগিতা, ভুড়ি ভোজ, সাংস্কৃতিক অনুষ্ঠান, র‍্যাফল ড্র প্রভৃতি। তবে এসব অনুষ্ঠানের মধ্যে ব্যতিক্রম ছিলো বনভোজন স্থলে তৈরী সকালের নাস্তা পরিবেশন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বনভোজন আয়োজক কমিটির আহবায়ক মোহাম্মদ আবু তাহের। এসময় প্রধান সমন্বয়ারী মোহাম্মদ রাকিবুজ্জামান খান তনু, সদস্য সচিব মোহাম্মদ শফিউল আলম, সাধারণ সম্পাদক মোজাফফর হোসেন, যুগ্ম আহবায়ক ফরহাদ হোসেন রোজেন, তাজকিনুল হক, সাংগঠনিক সম্পাদক রোজনুজ্জামান রোকন, মোহর খান প্রমুখ উপস্থিত ছিলেন।

সকালের নাস্তা, দুপুরের মধ্যাহ্ন ভোজ, বিকেলের চা-নাস্তার পর শুরু হয় সঙ্গীতানুষ্ঠান। এতে বাংলাদেশের প্রখ্যাত সঙ্গীত শিল্পী আব্দুল আলীমের পুত্র আজগর আলীম ছাড়াও প্রবাসের জনপ্রিয় শিল্পীদের মধ্যে নার্গিস রহমান, তাজকিনুল হক, মোহর খান ও মসিতুল্লাহ মাসুম সঙ্গীত পরিবেশন করেন। মোহাম্মদ দুলু মিয়ার নেতৃত্বে সকালের নাস্তা (পরটা, ডিম ভাজি, সুজি ও সবজি) পরিবেশে বিশেষ সহযোগিতায় ছিলেন মোতাহার হোসেন, ফরহাদ হোসেন রোজেন, শমসের আলী, শরিফুল ইসলাম, ইমন প্রমুখ। এছাড়াও মুড়ি তৈরী ও তরমুজ পরিবেশনে দায়িত্ব পালন করেন আব্দুস কুদ্দুস কানন ও বিপুল সরকার। ক্রীড়া সম্পাদক গোলাম রব্বানী ক্রীড়া প্রতিযোগিতার ও চাঁদা আদায় করেন কোষাধ্যক্ষ এ, রাকিব ও মোঃ শরিফুল ইসলাম। অপরদিকে বনভোজন অনুষ্ঠানের মূল পর্ব দুপুরের খাবার পরিবেশে সার্বিক দায়িত্ব পালন করেন মোতাহার হোসেন সহ অন্যান্য ব্যক্তিবর্গ।

পুরষ্কার বিতরনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের অন্যতম উপদেষ্টা জুলকিকুল রহমানের কন্যা জাবিনা রহমানকে ক্রেস্ট সহ নগদ ৫০০ ডলার উপহার দিয়ে সম্মানিত করা হয়। শিক্ষার্থী হিসেবে কৃতিত্বের জন্য জাবিনা-কে সংগঠনের পক্ষ থেকে ক্রেস্ট এবং ডা. চৌধুরী সারোয়ারুল হাসানের পক্ষ থেকে ৫০০ ডলার উপহার দেয়া হয়। এছাড়াও বিগত বছরগুলোর বনভোজন আয়োজনে ভালো কাজের জন্য মোহাম্মদ দুলু মিয়াকে একটি ক্রেস্ট প্রদান করা হয়। অপরদিকে 'ব্যাক টু স্কুল' কর্মসূচীর আওতায় উপস্থিত শিক্ষার্থীদের মাঝে স্কুল সামগ্রীও বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সংগঠনের উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে বক্তব্য রাখেন উপদেষ্টা নাসির আলী খান পল, ড. রুহুল কুদ্দুস, এডভোকেট মাহাবুবার রহমান বকুল ও মনিরুল ইসলাম, বৃহত্তর রাজশাহী সমিতির সভাপতি মোহাম্মদ মজিব উদ্দিন জেন্টু, সহ সভাপতি মনির আহমেদ, রাজশাহী জেলা সমিতি ইউএসএ'র সভাপতি শমসের আলী, চাপাইনবাবগঞ্জ জেলা সমিতি ইউএসএ'র সভাপতি মোহাম্মদ কাউসার আলী, নাটোর জেলা সমিতি ইউএসএ'র সভাপতি মোহাম্মদ শামীম আহমেদ, ঠাকুর জেলা সমিতি ইউএসএ'র সভাপতি মোস্তফা কামাল মিল্টন, সাবেক সভাপতি ফিলিপ, লালমনিরহাট জেলা সমিতি ইউএসএ'র সভাপতি মোহর খান, পঞ্চগড় জেলা সমিতি ইউএসএ'র সাধারণ সম্পাদক রেজা বিন হায়াত, নিলফামারী জেলা সমিতি ইউএসএ'র সভাপতি রোকনুজ্জামান, সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ শাহীন আলম, দিনাজপুর জেলা সমিতি ইউএসএ'র সিনিয়র সহ সভাপতি জাবেদ চৌধুরী ভুট্টো ও আব্দুর রশিদ প্রমুখ। এসময় বক্তারা তাদের বক্তব্যে উপস্থিত সকলের প্রতি শুভেচ্ছা এবং সুন্দর বনভোজন অনুষ্ঠান আয়োজনের জন্য কার্যকরী কমিটিকে ধন্যবাদ জানান।

আকষর্ণী রাফেল ড্র'র প্রথম পুরষ্কার 'ঢাকা-নিউইয়র্ক-ঢাকা' রুটের বিমানের টিকেট স্পন্সর করেন সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি হাসানুজ্জামান হাসান আর দ্বিতীয় পুরষ্কার স্বর্ণের চেইন স্পন্সর করেন সাবেক সভাপতি ডা. মোহাম্মদ আব্দুল লতিফ। এছাড়াও আরো ১৫টি আকর্ষনীয় পুরষ্কার ছিলো। র‍্যাফেল ড্র ও আর্থিকভাবে স্পন্সরকারীরা ছিলেন- ডা. চৌধুরী সারোয়ারুল হাসান, এটর্নী মঈন চৌধুরী, ডা. চৌধুরী মঞ্জুরুল হাসান, গিয়াস আহমেদ, মোহাম্মদ জন ফাহিম, মোহাম্মদ শরিফুল ইসলাম, শেফ খলিলুর রহমান, ফখরুল ইসলাম দেলোয়ার, জাকির হোসেন সিপিএ, এডভোকেট মাহাবুবার রহমান বকুল, ওয়াসি চৌধুরী, স্টারলিং ফার্মাসী এন্ড ডায়াগনস্টিক সেন্টার, আদন ইসলাম, রাকিবুজ্জামান খান তনু, বাংলাদেশ সোসাইটির নির্বাচনে প্রাথী 'সেলিম-আলী' পরিষদ, মফিজুল ইসলাম রুমি, জাবেদ চৌধুরী ভুট্টু, আল-আকসা রেষ্টুরেন্ট এন্ড হালাল ফুড, লিয়ন শেখ, নূর ব্যাপারী ও মোহাম্মদ হাশেম।

নথবেঙ্গল ফাউন্ডেশন ইনক বনভোজন সফল করতে গঠিত আয়োজক কমিটির প্রধান পৃষ্ঠপোষক ছিলেন সংগঠনের সাবেক সভাপতি ডা. মোহাম্মদ আব্দুল লতিফ এবং প্রধান তত্ত্বাবধায়ক ছিলেন প্রতিষ্ঠাতা সভাপতি হাসানুজ্জামান হাসান। এছাড়াও অন্যান্য কর্মকর্তাদের মধ্যে ছিলেন যুগ্ম আহ্বাহক মুন্না, ফরহাদ হোসেন রোজেন ও তাসকিনুল হক, *(বাকি অংশ ১২ এর পাতায়)*








সফলতার ২৮ বছরে

The Weekly Bangla Patrika

# বাংলা পত্রিকা

বর্ষ ২৮ : সংখ্যা ৫০ : সোমবার, ভাদ্র ২৫, ১৪৩১
রবিউল আউয়াল ৫ ১৪৪৬
Vol. 28 Issue 50 September 09, 2024 USA.


## সিটি পার্কগুলোর ৭০ ভাগ রেস্টরুম অনিরাপদ

*সিটি কাউন্সিলের রিপোর্টে দাবি*

**বাংলা পত্রিকা ডেস্ক:** বিশ্বের অন্যতম জনবহুল শহর নিউইয়র্ক। এই শহরের ৭০ ভাগ রেস্টরুম অনিরাপদ বা বন্ধ থাকে। সিটি কাউন্সিলের এক নতুন প্রতিবেদনে নিউইয়র্ক সিটির পার্কগুলোর রেস্টরুমের এই ভয়াবহ চিত্র ফুটে উঠেছে। 'ন্যাচারল কল' শিরোনামের প্রতিবেদনে দেখা যায়, সিটি পার্কগুলোর বেশিরভাগ রেস্টরুমেই স্বাস্থ্য এবং নিরাপত্তার উদ্বেগ রয়েছে। এছাড়া রেস্টরুমগুলো বেশিরভাগ সময় বন্ধ থাকে। সিটি কাউন্সিল কমিটি অন পার্কস এর চেয়ারম্যান শেখর কৃষ্ণান বলেন, সিটিজুড়ে ৭০ ভাগ পাবলিক রেস্টরুমের অবস্থা খারাপ। রেস্টরুমগুলোতে আবর্জনা ফেলার ক্যান, টয়লেট পেপার হোল্ডার এমনকি সাবানও নেয়। *(বাকি অংশ ২৭ এর পাতায়)*



সাঈদ তারেকের কলাম

## প্রসঙ্গ: জাতীয় সঙ্গীত পরিবর্তন-

অনেকদিন পর একটা পুরনো ইস্যুকে খুঁচিয়ে আবার সামনে আনা হয়েছে। দীর্ঘদিন অমানবিক নির্যাতনের শিকার একজন ব্যক্তির কিছু অসংলগ্ন কথাকে ধরে এমন আকাশ বাতাস তোলপার করার কি দরকার ছিল বুঝলাম না! উনার কি জাতীয় সঙ্গীত পরিবর্তন করার ক্ষমতা আছে! না উনার কথায় সরকার তা পরিবর্তন করে ফেলবে। অথচ এই নিয়ে ক'দিন দেখছি সামাজিক যোগাযোগ মাধ্যমে তোলপার!

কবি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'আমার সোনার বাংলা' বাংলাদেশের জাতীয় সঙ্গীত আমাদের স্বাধীনতা প্রাপ্তির আগে থেকেই। ভারতীয়রা ঠিক করে দেয় নাই, এটা নির্দ্ধারন করেছে ছাত্র সংগ্রাম পরিষদ বা সিরাজুল আলম খানের নেতৃত্বে স্বাধীনতার নিউক্লিয়াস। এরা যেমন জয় বাংলা শ্লোগান উদ্ভাবন করেছে বাংলাদেশের মানচিত্র তৈরী করেছে জাতীয় সঙ্গীতও ঠিক করেছে। *(বাকি অংশ ২৮ এর পাতায়)*


*প্রায় আড়াই মাসের সামার ভ্যাকেশন শেষে খুলেছে স্কুল*

# আনন্দ-উৎসবে স্কুলে ফিরলো শিক্ষার্থীরা

**বিশেষ প্রতিনিধি:** প্রায় আড়াই মাসের সামার ভ্যাকেশন শেষে নিউইয়র্কের পাবলিক স্কুলগুলো খুলেছে। সেই সাথে বৃহস্পতিবার (৫ সেপ্টেম্বর) থেকে শুরু হলো ২০২৪-২০২৫ সালের নতুন শিক্ষা কার্যক্রম। অভিভাবক, শিক্ষক আর শিক্ষার্থীদের আনন্দ-উৎসবেই কাটলো স্কুলের প্রথম দিন। ছিলো বিড়ম্বনাও। নতুন শিক্ষা বছরের নতুন কার্যক্রম শুরুর দিন বৃহস্পতিবার সরেজমিনে দেখা যায়, কারো কারো জন্য নতুন স্কুল, নতুন ক্লাস, নতুন পাঠ্যপুস্তক। আবার কারো কারো জীবনের নতুন অধ্যায়। তাই নতুন পথ চলাকে স্বাগত জানিয়ে অভিভাবকসহ শিক্ষার্থীদের ভীর পাবলিক স্কুলগুলোয়। বিগত দুই মাসে অগোছালো সময় কাটানোর পরে অনেক অভিভাবক এবং শিক্ষার্থীদের প্রথম দিনে *(বাকি অংশ ২ এর পাতায়)*

## নেপালি ছাত্রীকে গুলি করে হত্যা

*ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তি গ্রেফতার*



মুনা পান্ডে ববি সিং শাহ

**বাংলা পত্রিকা ডেস্ক:** হিউস্টনে ২১ বছর বয়সী এক নেপালি ছাত্রীকে গুলি করে হত্যা করেছেন ভারতীয় বংশোদ্ভূত এক ব্যক্তি। হত্যাকাণ্ডে জড়িত সন্দেহে গত ৩১ আগস্ট শনিবার পুলিশ ৫২ বছর বয়সী ববি সিং শাহ নামের ওই ব্যক্তিকে গ্রেফতার করেছে। পুলিশ বলছে, গত ২৬ আগস্ট সোমবার হিউস্টনের বাড়িতে নিজের অ্যাপার্টমেন্টে খুন হয়েছেন মুনা পান্ডে নামের নেপালি ছাত্রী। তিনি হিউস্টনের একটি কমিউনিটি কলেজের শিক্ষার্থী ছিলেন। তার শরীরে একাধিক গুলির ক্ষত পাওয়া গেছে। অ্যাপার্টমেন্টের কর্মীরা পুলিশকে বলেছেন, বাসার ভেতরে একটি মরদেহ পড়ে *(বাকি অংশ ৬ এর পাতায়)*

ফ্রেমওয়ার্ক ফাইন্যান্স এলএলসির মিট এন্ড গ্রিট অনুষ্ঠান সম্পন্ন

## প্রবাসে থেকেও নিশ্চিন্তে কেনা যাবে বাংলাদেশে বাড়ি-ফ্লাট

**বাংলা পত্রিকা ডেস্ক:** প্রবাসে থেকেও নিশ্চিন্তে ঝামেলাহীনভাবে আইনসম্মত উপায়ে বাংলাদেশে বাড়ি বা ফ্লাট কেনার সুযোগ নিয়ে এসেছে যুক্তরাষ্ট্র ভিত্তিক বেসরকারী প্রতিষ্ঠান 'ফ্রেমওয়ার্ক ফাইন্যান্স এলএলসি'। এ উপলক্ষে নিউইয়র্কের সাগর চাইনিজ রেস্তোরাঁর বলরুমে অনাড়ম্বরভাবে ফ্রেমওয়ার্ক ফাইন্যান্স এলএলসির "মিট এন্ড গ্রিট" অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। গণমাধ্যমকর্মীদের ফ্রেমওয়ার্ক ফাইন্যান্সের কার্যক্রম *(বাকি অংশ ২৭ এর পাতায়)*




## অধ্যক্ষ সুলতান কবির চুনু'র দাফন সম্পন্ন

**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, বাংলাদেশ সোসাইটি ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সভাপতি আজমল হোসেন কুনু'র বড় ভাই, সিলেটের বিয়ানীবাজার আদর্শ মহিলা কলেজের ও অধ্যক্ষ সুলতান কবির চুনু বুধবার (৪ সেপ্টেম্বর) দিবাগত রাত ৩টার দিকে লং আইল্যান্ড ইউনিভার্সিটি হাসপাতালে ইন্তেকাল করেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি *(বাকি অংশ ৭ এর পাতায়)*

## বিপদে পড়ে মৃত্যু কামনা করা



জাফর আহমাদ

বিপদে পড়ে মৃত্যু কামনা করো না। কারণ, বিপদ-আপদ, দু:খ-বেদনা ও সুখ-সমৃদ্ধি মিলিয়ে মিশিয়েই মানুষের জীবন। প্রথমত: সুখ ও দু:খ মিশ্রিত জীবন মানুষকে তার জীবনের মূল্যায়ণ করতে শিখায়। শুধু দু:খ আর বেদনা দিয়ে যেমন জীবন হয় না, তেমনি শুধুমাত্র সুখ-সমৃদ্ধি দিয়েও জীবন হয় না। দ্বিতীয়ত: জীবন অতি মুল্যবান। যত বেশী জীবন পাবেন, অনন্ত জীবনের জন্য ততবেশী পূঁজি সংগ্রহ করতে পারবেন। ওপারের বা *(বাকি অংশ ২৩ এর পাতায়)*

## নিউইয়র্ক বাংলাদেশী-আমেরিকান লায়ন্স ক্লাবের নতুন কমিটির বর্ণাঢ্য অভিষেক



সভাপতি সাধারণ সম্পাদক

**বিশেষ প্রতিনিধি:** অত্যন্ত জাঁকজমকপূর্ণ পরিবেশে নিউইয়র্ক বাংলাদেশী-আমেরিকান লায়ন্স ক্লাবের (২০২৪-২০২৫) নতুন কমিটির কর্মকর্তাদের অভিষেক অনুষ্ঠিত হয়েছে ৪ সেপ্টেম্বর বুধবার। নিউইয়র্কের ফার্মিংডেল বাউন্ডারি এভিনিউস্থ 'দ্যা রয়েল পাম' বেঙ্কুইট'এ আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন *(বাকি অংশ ১৫ এর পাতায়)*

*চেয়ারপার্সন মাসুদ রব, নির্বাহী সচিব আবীর আলমগীর*

## ফোবানার নতুন নির্বাহী কমিটি ঘোষণা



চেয়ারপার্সন মাসুদ রব নির্বাহী সচিব আবীর আলমগীর

**বাংলা পত্রিকা ডেস্ক:** ফেডারেশন অব বাংলাদেশি অ্যাসোসিয়েশনস ইন নর্থ আমেরিকা (ফোবানা)'র নতুন নির্বাহী কমিটি ঘোষনা করা হয়েছে। ২০২৪-২৫ এক বছর মেয়াদি নতুন এ কমিটিতে মাসুদ রব চৌধুরী (লস এঞ্জেলেস), চেয়ারপারসন এবং আবীর আলমগীর (নিউইয়র্ক) পুনরায় (বিনা প্রতিদ্বন্দ্বিতায়) নির্বাহী সচিব নির্বাচিত হয়েছেন। ফোবানা সম্মেলনের তিন দিন আগে মঙ্গলবার (২৭ আগস্ট) অনলাইনে ইলেকট্রোনিক্স ভোটিং এর মাধ্যমে ৬৪টি সংগঠনের সদস্যরা তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। *(বাকি অংশ ২৭ এর পাতায়)*

## যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে *(বাকি অংশ ৮ এর পাতায়)*

## এক স্লিপ



**সালাহউদ্দিন আহমেদ:** ঐক্যের আহবানে বিভক্ত ফোবানা'র ৩৮তম সম্মেলন শেষ হলেও বিভক্তি রয়েই গেলো। নেতৃত্বের কোন্দল সহ নানা কারনে এবার চারভাগে বিভক্ত হয়ে অনুষ্ঠিত হয় এবারের সম্মেলন। উত্তর আমেরিকার লেবার ডে উইকেন্ড ঘিরে নিউইয়র্ক ছাড়াও মেরিল্যান্ড, ভার্জিনিয়া ও মিশিগানের ডেট্রয়েটে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। এদিকে নিউইয়র্কের সম্মেলন থেকে আগামী বছর আবার নিউইয়র্কেই ৩৯তম সম্মেলনের প্রস্তাব উঠেছে। ভার্জিনিয়া সম্মেলন থেকে আগামী বছর জর্জিয়ার আটলান্টা, মিশিগানের সম্মেলন থেকে কানাডা'র মনট্রিয়েল এবং মেরিল্যান্ড সম্মেলন থেকে পরবর্তী সম্মেলন নিউইয়র্ক, *(বাকি অংশ ৮ এর পাতায়)*

## লেখিকা ভায়লা সালিনা লিজা'র মায়ের ইন্তেকাল



**বাংলা পত্রিকা রিপোর্ট:** কমিউনিটির পরিচিত মুখ, লেখিকা ভায়লা সালিনা লিজা'র মা শুক্রবার (৬ সেপ্টেম্বর) বেলা ১২ টা ৪৫ মিনিটে জ্যামাইকার একটি হাসপাতালে ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। পরদিন শনিবার দুপুরে বাদ জোহর *(বাকি অংশ ২৮ এর পাতায়)*

## বন্যার্তদের জন্য ৩০ লাখ টাকার অনুদান নিউইয়র্কের বাংলাদেশ সোসাইটির

**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্কের বাংলাদেশ সোসাইটি বাংলাদেশের বন্যার্তদের জন্য ৩০ লাখ টাকার অনুদান প্রদান করেছে। গত ৩০ আগস্ট বিকালে বাংলাদেশ *(বাকি অংশ ২৭ এর পাতায়)*













Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169Fax: 718 482 9935. Email: banglapatrikausa@gmail.com